

প্রজাতন্ত্র দিবস



আজ ২৬শে জানুয়ারি। ৭৪তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে সকলকে জানানো হচ্ছে আন্তরিক শুভেচ্ছা ও হার্দিক অভিনন্দন। প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে আজ দুরন্ত বার্তার সকল বিভাগ বন্ধ থাকবে। তাই আগামী কাল (শুক্রবার) পত্রিকার কোনও সংস্করণ প্রকাশিত হবে না। শনিবার থেকে পুনরায় সংস্করণ প্রকাশ করা হবে।

-সম্পাদক

নওশাদের মুক্তির দাবিতে ‘বিষ’ ইঞ্জেকশন নিয়ে বিক্ষোভ আইএসএফ কর্মীর

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ জানুয়ারিঃ এক হাতে পোস্টার। গোটা-গোটা অক্ষরে সেখানে লেখা রয়েছে ‘ভাইজানের মুক্তি চাই’। অন্য হাতে ধরে রেখেছেন ‘বিষ’ ভর্তি ইঞ্জেকশন। পুলিশ তাঁকে তুলে নিয়ে যেতে চাইলেই হয় মরনেন, নয়তো অন্যকে মারবেন। দাবি করছেন এক আইএসএফ সমর্থক। বুধবার বিখ্যাক নওশাদ সিদ্দিকি ও আইএসএফ কর্মীদের নিঃশর্ত মুক্তির দাবিতে পথে নামে আব্বাস সিদ্দিকির দল। ওই ইঞ্জেকশনে কী রয়েছে, তা খতিয়ে দেখা হচ্ছে বলে পুলিশ সূত্রে খবর। পরে আটক করা হয় ওই আইএসএফ কর্মীকে। যদিও, পুলিশের তরফে প্রতিটি রাজনৈতিক দলকেই মিছিল-মিটিং থেকে বিরত থাকতে বলা হয়েছে। তবে সেই নির্দেশিকা উপেক্ষা করেই শিয়ালদহ থেকে ধর্মতলা পর্যন্ত মিছিল করে আইএসএফ। প্রসঙ্গত, শনিবার দলের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ধর্মতলায় একটি সভার আয়োজন করেছিল আইএসএফ।

আইএসএফের অভিযোগ, সেই সভায় যোগদান করার জন্য কলকাতা আবার পথে ভাঙড়ে তাদের দলের সমর্থকরা আক্রান্ত হন। তৃণমূল কর্মীরা নওশাদ সিদ্দিকির দলের সমর্থকদের মারধর করে বলে অভিযোগ। অপর দিকে, আইএসএফের বিরুদ্ধে হামলার অভিযোগ তোলে ভাঙড়ের তৃণমূল কর্মীরাও। ভাঙড়ের ঘটনার পর ধর্মতলায় দুপুর থেকেই অবস্থান বিক্ষোভ শুরু করে আইএসএফের কর্মী-সমর্থকরা। সেখান থেকেই গ্রেফতার হন আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকি। তবে হাতে বিষের ইঞ্জেকশন কেন নিয়েছেন তিনি ? বসির বলেন, “আমার এই অনশন যাতে কেউ ব্যাঘাত না করে তার জন্যে এটা হাতে নিয়েছি। এদের বিরাট ক্ষমতা। আমাকে যে কোনও সময় তুলে নিতে পারে। যতক্ষণ না ভাইজানকে মুক্ত করা হচ্ছে ততক্ষণ আমি বিক্ষোভ করে যাব।” বিক্ষোভকারীরা জানিয়েছেন, যে কোনও সময় তাকে পুলিশ ধরে নিয়ে যেতে পারে, সেরকম আশঙ্কা করছেন তিনি। জোর করে তুলে নিয়ে যেতে পারে বলেই তিনি বিষ ইঞ্জেকশন হাতে বিক্ষোভ দেখাচ্ছেন বলে দাবি।

এবার ‘দুয়ারে’ স্বাস্থ্য কমিশন, জেলায় গিয়ে অভিযোগকারীর বক্তব্য শুনবেন সদস্যরা

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ জানুয়ারিঃ এবার ‘দুয়ারে’ স্বাস্থ্য কমিশন। জেলায় জেলায় হবে স্বাস্থ্য কমিশনের শুনানি। অভিযোগকারীকে আর কমিশনের কাছে আসতে হবে না। স্বাস্থ্য কমিশনের সদস্যরাই অভিযোগকারীর দুয়ারে পৌঁছে যাবেন। প্রসঙ্গত, গত শনিবার মুখ্যসচিব স্বাস্থ্য কমিশনের সঙ্গে আলোচনায় বসেছিলেন। সেই বৈঠকে কী কী বিষয়ে আলোচনা হয়েছে, তা নিয়ে এদিন সাংবাদিক বৈঠক করেন কমিশনের চেয়ারম্যান অসীম বন্দ্যোপাধ্যায়। পঞ্চায়েত নির্বাচনের আগে ‘দিদির দুতে’রা শুধু আবাস-রাস্তাঘাট-পানীয় জল নিয়েই অভিযোগের মুখে পড়ছেন না। গ্রাম বাংলার পঞ্চায়েত এলাকার মানুষের মুখে স্বাস্থ্য পরিষেবা নিয়েও অভিযোগ বিস্তার। গ্রামীণ বাংলায় সরকারি হাসপাতাল পরিষেবার ‘অসুখে’র তালিকা দীর্ঘ। সেই সকল মানুষের কাছে স্বাস্থ্যসাধী কার্ড হাতে বাড়ির কাছের নার্সিংহোমই রাতবিরতে ভরসা। কিন্তু সেই পরিষেবা নিয়েও মানুষের মধ্যে তৈরি হচ্ছে অসন্তোষ। উপভোক্তার চাপে স্বাস্থ্যসাধী প্রকল্পে খরচের কমাতে প্রকল্পের ছিদ্রপাত বন্ধে সচেষ্ট হয়েছে স্বাস্থ্য দফতর। যার জেরে বেড়েছে

সুপ্রিম কোর্টের রায় মিলবে বাংলা-সহ ২২ ভারতীয় ভাষাতেও

নয়াদিল্লি, ২৫ জানুয়ারিঃ সুপ্রিম কোর্টের রায় এখন শুধু মাত্র ইংরিজিতে লেখা হয়। আগামীকাল থেকে সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে বাংলা-সহ ২২টি ভারতীয় ভাষাতেও মিলবে রায়ের ব্যান। এরফলে বিচারপ্রার্থীদের পাশাপাশি অন্য নাগরিকেরাও রায় সম্পর্কে সরাসরি অবহিত হওয়ার সুযোগ পাবেন। প্রধান বিচারপতি ডিওরাই চন্দ্রচূড় আজ আদালতে এই সিদ্ধান্তের কথা ঘোষণা করেছেন। আগামীকাল প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে আদালত বন্ধ থাকবে। তবে কালই বিভিন্ন ভারতীয় ভাষায় ১০৯১টি মামলার রায় ওয়েবসাইটে আপলোড করা হবে। পুরনো এই রায়গুলি ইতিমধ্যে ইংরিজি থেকে সংবিধানের অষ্টম সিডিউলে উল্লেখিত ২২টি ভারতীয় ভাষায় তর্জমা করা হয়েছে। পরশু থেকে প্রতিদিনের রায়ের তর্জমাও পাওয়া যাবে ওয়েবসাইটে। সুপ্রিম কোর্ট গত ১ জানুয়ারি থেকে চালু হয়েছে ই-সুপ্রিম কোর্ট রিপোর্ট ব্যবস্থা। সেখানে ইতিমধ্যে ৬৪ হাজার মামলার রায়ের কপি জমা করা আছে। সর্বোচ্চ আদালতের ওয়েবসাইটে রায়গুলি পাওয়া যাবে। পর্যায়ক্রমে ওই রায়গুলির ভারতীয় ভাষায় পাওয়া যাবে সেখানে। সুপ্রিম কোর্টের বর্তমান প্রধান বিচারপতি এই ব্যাপারে বিশেষ উদ্যোগ নিয়েছেন বলে খবর। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রধান বিচারপতির এই উদ্যোগের প্রশংসা করেছেন।(যে ২২ ভারতীয় ভাষায় রায় পাওয়া যাবে সেগুলি হল, হিন্দি, অসমিয়া, বাংলা, গুজরাতি, কন্নড়, কাশ্মীরি, কোঙ্কনি, মালওয়ালি, মণিপুরি, মারাঠি, নেপালি, ওড়িয়া, পাঞ্জাবি, সংস্কৃত, সিন্ধি, তামিল, তেলেগু, উর্দু, বোডো, সাঁওতালি, মৈথিলি এবং ডোগরি।

বুধের রাত থেকেই শহরের একাধিক জায়গায় বন্ধ যান চলাচল

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ জানুয়ারিঃ বৃহস্পতিবার, প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠান উপলক্ষে শহরের একাধিক জায়গায় যান চলাচল বন্ধ থাকবে কিছুটা সময়। বুধবার (২৫ জানুয়ারি) ময়দানের কাছে যান চলাচল বন্ধ রাখা হয়। কলকাতা পুলিশের তরফে এদিন ট্রাফিক সংক্রান্ত একটি নির্দেশিকা দেওয়া হয়েছে। কোন রকমে কতক্ষণ গাড়ি চলাচল বন্ধ রাখা হবে, তা উল্লেখ করা হয়েছে। বুধবার রাত ১০টা থেকে বৃহস্পতিবার দুপুর ১টা পর্যন্ত যে সব রাস্তা বন্ধ থাকবে সেগুলি হল- রেড রোড (উত্তর ও দক্ষিণমুখী)। আর ২৬ তারিখ ভোর রাতে ৫টা থেকে দুপুর ১টা পর্যন্ত যে সব রাস্তা বন্ধ থাকবে, সেগুলি হল- হসপিটাল রোড (উত্তরমুখী), খিদিরপুর রোড (উত্তরমুখী), ডাকবিন রোড, কুইনস ওয়ে, এসপ্লান্ডে রাস্প, গোষ্ঠীপাল সরণি, মেয়ো রোড, (পশ্চিমমুখী), মেয়ো রোড (পূর্বমুখী), আর আর অ্যাভিনিউ (পশ্চিমমুখী)।

আজ বাংলায় হাতেখড়ি রাজ্যপালের উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী! দোটানায় বিজেপি

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ জানুয়ারিঃ রাজ্যপাল সি ভি আনন্দ বোসের ‘হাতেখড়ি’। ২৬ জানুয়ারি, সরস্বতী পূজোর দিনে, বাংলায় হাতেখড়ি হবে রাজ্যপালের। রাজ ভবনের পূর্ব দিকের লনে অনুষ্ঠানের আয়োজন করেছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে রাজ ভবনের অনুষ্ঠানে আমন্ত্রন পেয়েও, দোটানায় বিজেপি। ২৩ নভেম্বর, রাজ ভবনে শপথ নেওয়ার পর আনন্দ বোস রাজ্যপাল হিসেবে তার প্রথম ভাষণে বলেছিলেন, “আমি মনে করি, রাজ্যপাল হয়ে আমি এই মহান রাজ্যকে জানা ও তার রাজবাসীর সঙ্গে সরসরি কথা বলার একটা বড় সুযোগ পেলাম। রাজ্যপাল হওয়ার সুবাদে, আমি এই রাজ্যের জনহিতে কিছু কাজ করতে পারব। রাজ্যপাল হিসাবে এটাই আমার বড় প্রাপ্তি।” সেই দিনই ঘনিষ্ঠ মহলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস বাংলা ভাষা শেখার বিষয়েও ইচ্ছা প্রকাশ

করেছিলেন। যেটা খুবই তাৎপর্যপূর্ণ। কারণ, রাজ্যপাল হিসেবে শপথ নেওয়ার পর অতীতে অনেক রাজ্যপালই তাঁদের ভাষণে এসব কথা বলেছিলেন। কিন্তু, তাঁদের মধ্যে কেউই রাজ্য ও রাজবাসীকে বুঝতে বাংলা ভাষা শেখার পাঠ নেওয়ার সিদ্ধান্ত নেননি। পর্যবেক্ষকদের মতে, এখানেই তার পূর্বসূরীদের চেয়ে তিনি স্বতন্ত্র। বাহ্যন্তর বছর বয়সি, কোলিগিয়ান আনন্দ বোসের মাতৃভাষা মালওয়ালি। মালওয়ালি ছাড়া তিনি ইংরেজি ও হিন্দিতেও সবলীল। এবার, তার সঙ্গে যুক্ত হবে চলেছে বাংলাও। রাজ ভবনে প্রায় ২০ বছরের বেশি দায়িত্বে থাকা এক অধিকারিকের মতে, “আনন্দ বোস ইচ্ছে করলে, বাংলা না শিখেই তাঁর রাজ্যপালের দায়িত্ব পালন করতে পারতেন। কিন্তু, তিনি চান এই রাজ্যকে আক্ষরিক অর্থে জানতে, রাজবাসীর সঙ্গে তাঁদের ভাষায় কথা বলতে। তাই বাহ্যন্তর

বছর বয়সেও বাংলা ভাষা শেখার জন্য তিনি এতটা আগ্রহ দেখাতে পেরেছেন। এটা একজন মামুলি



আমলার পরিচয় নয়।” রাজ্যপাল আনন্দ বোস তাঁর বাংলা শেখার হাতেখড়ির জন্য বেছে নিয়েছেন সরস্বতী পূজোর দিনটিকে। যেটা যথেষ্ট তাৎপর্যপূর্ণ। আবহমান কাল ধরে হিন্দু বাঙালি, শিক্ষার অধিষ্ঠাত্রী দেবী হিসাবে সরস্বতী বন্দনা করে

সেই বার্তাও দিতে চেয়েছেন রাজ্যপাল। ২৬ জানুয়ারি, বিকেল ৫ টায়, রাজ ভবনে এই বিশেষ অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আমন্ত্রিতের লম্বা তালিকায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী থেকে শুরু করে বিধানসভার অধ্যক্ষ বিমান শোভনদেব চট্টোপাধ্যায় এমন কি তৃণমূলের মুখপাত্র কুণাল ঘোষও আছেন। রাজ্যপালের আমন্ত্রণ গ্রহন করে সেদিন রাজভবনের অনুষ্ঠানে গেলে মুখ্যমন্ত্রীর সঙ্গে আবারও একবার মুখোমুখি হওয়ার সম্ভাবনা তৈরি হতে পারে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। কিন্তু, আদৌ কি রাজভবনের অনুষ্ঠানে পা রাখবেন শুভেন্দু অধিকারী বা বিজেপি-র আমন্ত্রিতরা? যা নিয়ে ইতিমধ্যেই জল্পনা শুরু হয়ে গিয়েছে রাজনৈতিক মহলে। জল্পনা উদ্ভে

দিয়েছেন বিজেপির প্রাক্তন সাংসদ ও কেন্দ্রীয় নেতা স্বপন দাশগুপ্ত। একটি বৈদ্যুতিন সংবাদ মাধ্যমে স্বপন, রাজ্যপাল আনন্দ বোসকে সরসরি তৃণমূলের ‘জেরক্স মেশিন’ বলে আক্রমণ করে বসেছেন গতকাল। এর আগে রাজ্যপালের বিরুদ্ধে উপযুক্ত জায়গায় নালিশ জানানোর হুঁশিয়ারি দিয়েছিলেন শুভেন্দু। যদিও, রাজ্যপালের আচরণ নিয়ে স্বপন, শুভেন্দুদের এই তোপ দাগাকে সমর্থন করেননি দিলীপ। দলের একাংশের এই আক্রমণের বিপরীতে দাঁড়িয়ে দিলীপ সাফ বলেন, “রাজ ভবনের দিকে তাকিয়ে দিলীপ ঘোষ রাজনীতি করেন না। যারা তা করে, তারা হতশ হতে পারেন, আমি নই।” রাজনৈতিক মহলের মতে, নতুন রাজ্যপালকে নিয়ে দোটানায় পড়েছে বিজেপি। রাজভবনের আমন্ত্রণ এড়াতে তাই আগাম তোপ দাগা শুরু করেছেন স্বপন দাশগুপ্তরা।

অনুমতি দিল না কর্তৃপক্ষ! গেটের বাইরে সরস্বতী পূজোর আয়োজন টিএমসিপি-র



দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ জানুয়ারিঃ গত কয়েকদিন ধরেই প্রেসিডেন্সি ক্যাম্পাসে টিএমসিপির সরস্বতী পূজো নিয়ে চলছিল বিতর্ক। ক্যাম্পাসের ভিতরে সরস্বতী পূজো করতে চাইলেও কর্তৃপক্ষ তাতে অনুমতি দেননি। তার জেরেই ক্যাম্পাসের মূল গেটের বাইরেই সরস্বতী পূজোর আয়োজন করছে তৃণমূল ছাত্র পরিষদ। প্রেসিডেন্সির সামনে রাস্তার ফুটপাথের উপর তৈরি মন্ডপেই বুধবার বিকেলে বসানো হল সরস্বতীর মূর্তি। এদিন বিকেলেই তৃণমূল ছাত্র পরিষদের সমর্থকরা মণ্ডপ ও মূর্তি নিয়ে আসে প্রেসিডেন্সির ক্যাম্পাসের গেটেই বাইরে। আলপনা দেওয়ার প্রস্তুতিও শেষ। প্রেসিডেন্সি টিএমসিপির তরফে আহবায়ক প্রান্তিক চক্রবর্তী বলেন, “আমরা গতকাল পর্যন্ত কর্তৃপক্ষের কাছ থেকে অনুমতি না পেয়ে বাইরে পূজো করার সিদ্ধান্ত নিয়েছি। আশা করি ক্যাম্পাসে কখনও না কখনও ভিতরে পূজো হবে।” তবে বৃহস্পতিবারের পূজোকে

কেন্দ্র করে চমক থাকবে বলে দাবি করছে টিএমসিপি। যদিও কী চমক থাকবে তা খোঁসা করেনি তারা। শোনা যাচ্ছে বৃহস্পতিবারের পূজোয় অঞ্জলি দিতে দেখা যাবে কামারছাটির বিধায়ক মদন মিত্রকে। তৃণমূলের কয়েকজন রাজা নেতৃত্বও থাকতে পারে। গত কয়েকদিন প্রেসিডেন্সির ক্যাম্পাসে টিএমসিপি-র সরস্বতী পূজো নিয়ে বিতর্ক চলছিল। টিএমসিপি চেয়েছিল পূজোরের ভেতরে সরস্বতী ক্যাম্পাসের। কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছিল প্রেসিডেন্সি ধর্মনিরপেক্ষ ক্যাম্পাস। আর তাই সেখানে সরস্বতী পূজো করতে দেওয়া যাবে না। অন্যদিকে টিএমসিপি ছাত্র নেতারা জানিয়েছিলেন ক্যাম্পাসে সরস্বতী পূজো করা থেকে তাদের কেউ আটকাতে পারবেনা। যদিও কর্তৃপক্ষের অনড় মনোভাবে শেষমেষ পিছিয়ে এসেছে টিএমসিপি। প্রেসিডেন্সি গেটের বাইরেই পূজো করার সিদ্ধান্ত নেয় টিএমসিপি নেতৃত্ব। এ প্রসঙ্গে আবশ্য প্রেসিডেন্সি কর্তৃপক্ষ জানিয়েছে টিএমসিপি আমন্ত্রণ জানানো হয়েছে প্রেসিডেন্সির কর্তৃপক্ষ থেকে শুরু করে উপাচার্য, রেজিস্টারদেরও। প্রেসিডেন্সি পাশাপাশি কলকাতা বিশ্ববিদ্যালয়ের সরস্বতী পূজো পালনকে কেন্দ্র করেও তৈরি হয়েছে বিতর্ক। ই-স্টারর ডেকে সরস্বতী পূজোর আয়োজন করেছে কলকাতা বিশ্ববিদ্যালয়, যা নিয়েও সরগরম রাজা-রাজনীতি।

এজলাস থেকেই জেলা জজকে ফোন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের! ফের মানবিক নিদর্শন

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ জানুয়ারিঃ কলকাতা হাইকোর্টে বিচার চলাকালীন জেলা জজকে ফোন। এজলাসে বসেই পূর্ব মেদিনীপুরের ডিস্ট্রিক্ট জজকে মোবাইল থেকে ফোন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের। ১৫ বছরের নাবালকের অভিভাবক সংক্রান্ত মামলার দ্রুত নিষ্পত্তি করার নির্দেশ জেলা জজকে। বরুন প্রাথমিক স্কুলের শিক্ষিকা শিউলি বর্মন, ২০২০ সালের আগস্ট মাসে প্রয়াত হন। তাঁর একটি পুত্র সন্তান রয়েছে, যার বর্তমান বয়স ১৫ বছর। বর্তমানে দাদুর কাছে থাকে নাতি। মৃত্যুর সময় পর্যন্ত প্রয়াত শিউলি বর্মন এবং তার স্বামীর মধ্যে বিবাহ বিচ্ছেদের মামলা চলছিল। শিউলি বর্মনের বাবা জীবনানন্দ বর্মনের দাবি, শিউলি দেবীর স্বামী তার সন্তানকে দেখাশোনা করতে চাইছেন না। তাই শিউলি দেবীর পেশনশ যেন তার সন্তানকে দেওয়া হয়, এই আবেদন নিয়ে



আদালতে আসেন শিউলি বর্মণের বাবা জীবনানন্দ বর্মন। বিচারপতি গঙ্গোপাধ্যায়ের প্রশ্ন, নাতির অভিভাবকত্ব চেয়ে কোনও মামলা কি জীবনানন্দ বর্মন করেছেন? উত্তরে তার আইনজীবী জানান যে, মামলা পূর্ব মেদিনীপুরের নিম্ন আদালতে বিচারাধীন আছে। তার পরেই এজলাস থেকে বসেই জেলা জজকে ফোন করেন

আর্থিক তহরুপের অভিযোগ! এবার ইডি-র হাতে গ্রেফতার হলেন সাকেত গোখলে



নয়াদিল্লি, ২৫ জানুয়ারিঃ চতুর্থবার গ্রেফতার হলেন তৃণমূলের জাতীয় মুখপাত্র সাকেত গোখলে। এবার আর নতুন করে গুজরাত পুলিশ নয়। আর্থিক তহরুপের এক মামলায় সাকেতকে গ্রেফতার করে ইডি অভিযোগ, একটি এনজিও-র আড়ালে ক্রাইড ফান্ডিং-এর নামে টাকা তহরুপ করছেন সাকেত। অভিযোগ, সেই টাকা

তোলার পরে ব্যক্তিগত উদ্দেশ্য টাকা খরচ করে সাকেত। এই বিষয়ে একটি অভিযোগের ভিত্তিতেই গুজরাত পুলিশ দিল্লিতে এসে তাঁকে গ্রেফতার করেছিল। এখনও পর্যন্ত তিনি হেফাজতেই রয়েছেন। হেফাজতে থাকাকালীন এবার সাকেতকে গ্রেফতার করল ইডি। গত ২৯ ডিসেম্বর রাতে তৃণমূল মুখপাত্র সাকেত গোখলেকে দিল্লির চাগকাপুরীর বন্দভবন থেকে গ্রেফতার করা হয়। এর আগে রাজস্থান এবং গুজরাত থেকেও সাকেতকে গ্রেফতার করেছিল গুজরাত পুলিশ। প্রত্যেকটি ক্ষেত্রে রাজনৈতিক প্রতিহিংসার অভিযোগ করেছিল তৃণমূল। সাকেতের গ্রেফতারির পরে দিল্লির বন্দভবনের নিরাপত্তা দায়িত্ব নিয়েছে রাজ্য পুলিশ। বন্দভবনে হানা দেওয়া নিয়ে দিল্লি পুলিশের কাছে গুজরাত পুলিশ ও দিল্লি পুলিশের বিরুদ্ধে অভিযোগ দায়ের করে রাজ্য সরকার। যদিও সমস্ত দায় গুজরাত পুলিশের উপর চাপিয়েছে দিল্লি পুলিশ। তাদের বক্তব্য, নিয়ম অনুযায়ী গুজরাত পুলিশকে সাহায্য করা হয়েছে মাত্র। সিসিটিভি ফুটেজ সংগ্রহ বা অন্যান্য কোনও ব্যাপারে দিল্লি পুলিশের কোনও ভূমিকা নেই। এবিষয়ে দিল্লিতে নিযুক্ত রেসিডেন্ট কমিশনারের কাছেও রিপোর্ট চেয়েছে রাজ্য সরকার। কয়েকদিন আগেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বিষয়টি সম্পর্কে জানিয়েছিলেন, বন্দভবন পশ্চিমবঙ্গ সরকারের সম্পত্তি। অনুমতি ছাড়া কেউ সেখানে গেলে রাজ্য সরকারকেও ব্যবস্থা নেবে। অনুমতি ছাড়াই দিল্লি পুলিশকে সঙ্গে নিয়ে গুজরাত পুলিশ বন্দভবনে গিয়ে সিসিটিভি ফুটেজ নিয়ে গিয়েছে। বন্দভবনে অনেক সময় তিনি ছাড়াও রাজ্যপাল, হাইকোর্টের বিচারপতিরা থাকেন বলেও ওই সভা থেকে মনে করিয়ে দিয়েছিলেন মুখ্যমন্ত্রী।

‘ভোটের আগে আইএসএফ করে এখন বলছেন তৃণমূলকে জিতিয়েছেন?’ কটাক্ষ কুণালের



দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ জানুয়ারিঃ ভাঙড়ের বিধায়ক নওশাদ সিদ্দিকী গ্রেফতারের প্রতিবাদে এদিন কলকাতায় মিছিল করেছেন আইএসএফের নেতা-কর্মীরা। বিষয়টি নিয়ে তৃণমূলের মুখপাত্র কুণাল ঘোষ এদিন কটাক্ষ করেন। কুণাল বলেন, “প্রশাসন একটা দায়িত্বশীল ভূমিকা পালন করছে। শাসক দলও করছে। ধর্মতলায় যা হয়েছিল, তা অনতিগ্রেত। মিছিল থেকে আক্রমণ করা হয়। এটা তো স্বাভাবিক ব্যাপার যে গ্রেফতার হবেন। ভুলো রক্ষী বলে চালিয়ে দেননা। মিছিলে না করেছে তাই পুলিশ। যারা করছেন, তাঁরা ইচ্ছাকৃত ভাবে করছেন। সরস্বতী পূজোর প্রস্তুতি ও প্রজাতন্ত্র দিবসের প্রস্তুতি চলছে। ইন্ধন, প্রয়োচনা দিতে করছেন।” তিনি আরও বলেন, “ভাঙড়ে

মিছিল ডাকা হয়েছিল। অনুমতি দেয়নি পুলিশ। তৃণমূলের মিছিলেও না করেছে। এটা রাজম্ব পালনের থেকেও এটি ‘হিতচিন্ত্যক পদক্ষেপ’।” কুণাল বলেন, “ধর্মগুরুদের শ্রদ্ধা জানাই। বারবার অনুরোধ থাকবে, রাজনৈতিক নেতাদের মতো যেন আচরণ ধর্মগুরুরা না করেন। প্রত্যক্ষ রাজনীতির ভাষায় কথা বলা দুর্ভাগজনক। মানুষের অসুবিধা দেখাও তাদের কাজ। সোশ্যাল মিডিয়া বা বিভিন্ন স্থানে যে বিবৃতি দিয়েছেন তা যথাযথ নয়। হিংসাত্মক ঘটনা ঘটলে সরকার জাতি-বর্ণ-নির্বিশেষে দায়িত্ব পালন করবেন।” কুণালের বক্তব্য, “অনেকে বলছেন তাঁরা ভোট দিয়েছেন বলেই নাকি মমতা বন্দ্যোপাধ্যায় জিততেন? এই বিবৃতি যথাযথ নয়। রাজনৈতিক উইং আইএসএফকে আপনারা ভোট দিয়েছেন। যারা ভোটের আগে আইএসএফ করেছিলেন, তাঁরা এখন তৃণমূল কংগ্রেসকে জিতিয়েছেন কেন বলছেন। জাতি-ধর্ম দেখে আমরা রাজনীতি করিনা। ধর্মগুরুরা রাজনীতিতে এসে রাস্তা অবরোধ করলে পুলিশের সামনে পড়লে তখন ধর্মগুরু বলা যাবে না।”

দুরন্ত বার্তা

durantbarta.com



Download Durant's Barta app on Google Play Store

Facebook icon

Instagram icon

YouTube icon

বর্ষসেরা উদ্যোক্তা

সম্মান ২০২২

তারিখ : ২৭.০১.২০২৩

স্থান : সৃজনী হল, দুর্গাপুর

২৭.০১.২০২৩

তারিখ : ২৭.০১.২০২৩

স্থান : সৃজনী হল, দুর্গাপুর

Co - Sponsored By



FAARM WITH NATURE

৯০১ পুলিশ কর্মীকে পুলিশ পদক দিয়ে সম্মানিত করা হবে প্রজাতন্ত্র দিবসে

নয়াদিল্লি, ২৫ জানুয়ারি : প্রজাতন্ত্র দিবস উপলক্ষে মোট ৯০১ জন পুলিশ কর্মীকে পুলিশ পদক দেওয়া হবে।এক মধ্যে ১৪০ জন বীরত্বের জন্য পুলিশ পদক (পিএমজি), ৯৩ জন রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম) এবং ৬৬৮ জন মেধাবী সৈবার জন্য পুলিশ পদক (পিএম) পেয়েছেন।স্বরাষ্ট্র মন্ত্রক বুধবার এক বিজ্ঞপ্তি জারি করে বলেছে যে ১৪০টি বীরত্বের পুরস্কারের মধ্যে চরমবামপন্থা প্রভাবিত এলাকার ৮০ জন কর্মী এবং জম্মু ও কাশ্মীর অঞ্চলের ৪৫ জন কর্মীকে তাদের বীরত্বপূর্ণ কাজের জন্য পুরস্কৃত করা হচ্ছে। বীরত্বের পুরস্কার পাওয়া কর্মীদের মধ্যে ৪৮ জন সিআরপিএফ থেকে, ৩১ জন মহারাষ্ট্রের, ২৫ জন জম্মু-কাশ্মীর পুলিশের, ১ জন ঝাড়খণ্ডের, সাতজন দিল্লি, ছত্তিশগড় এবং বিএসএফ থেকে এবং বাকিরা অন্যান্য রাজ্য ও কেন্দ্রশাসিত রাজ্য থেকে।উল্লেখ্য, পুলিশ মেডেল ফর গ্যালাস্টি (পিএমজি) জীবন ও সম্পত্তি রক্ষা বা অপরাধ প্রতিরোধে বা অপরাধীদের প্রে্ষতাতরে সুস্পষ্ট বীরত্বের ভিত্তিতে দেওয়া হয়। ডিস্টিংগুইশড সার্ভিসের জন্য রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম) পুলিশ পরিষেবার বিশেষভাবে বিশিষ্ট রেকর্ডের জন্য এবং পুলিশ মেডেল ফর মেরিটোরিয়াস সার্ভিস (পিএম) প্রদান করা হয় কর্তব্যের প্রতি নিষ্ঠার মূল্যবান পরিষেবার জন্য।

খারাপ আবহাওয়ার কারণে শ্রীনগর থেকে সমস্ত উড়ান বাতিল

শ্রীনগর, ২৫ জানুয়ারি : মঙ্গলবার রাত থেকে কাশ্মীর উপত্যকার তুষারপাতের কারণে শ্রীনগর শ্রীনগর থেকে সমস্ত বিমান বাতিল করা হয়েছে। বুধবারও জন্মুর সমতল ভূমিতে বৃষ্টি এবং কাশ্মীর উপত্যকার তুষারপাত অব্যাহত ছিল।এদিন সকালে প্রায় ১০০ জন যাত্রী শ্রীনগর বিমানবন্দরে পৌঁছেন, যেখানে তাদের জানানো হয়েছিল যে খারাপ আবহাওয়ার কারণে সমস্ত বিমান বাতিল করা হয়েছে। এ কারণে বিমানবন্দরে আটকে পড়েছেন যাত্রীরা। শ্রীনগর বিমানবন্দর শুল্কমালতর কক্ষ থান্স্য বিমান বাতিল করা হয়েছে।

জাতীয় ভোটার দিবসের শুভেচ্ছা প্রধানমন্ত্রীর, গণতন্ত্রকে শক্তিশালী করতে সকলের অংশগ্রহণের আহ্বান

নয়াদিল্লি, ২৫ জানুয়ারি : জাতীয় ভোটার দিবসের শুভেচ্ছা জানানেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বুধবার সকালে এক টুইট বার্তায় প্রধানমন্ত্রী জানিয়েছেন, এই বছরের থিম নাথিং লাইক ভোটিং, আই ভোট ফর সিউর-থেকে অনুপ্রাণিত হয়ে, আমরা যেন নির্বাচনে সক্রিয় অংশগ্রহণকে আরও জোরদার করতে পারি এবং আমাদের গণতন্ত্রকে শক্তিশালী করতে একসঙ্গে কাজ করতে পারি।জাতীয় ভোটার দিবস ভারতে প্রতি বছর ২৫ জানুয়ারি পালন করা হয়। ২০১১ সালের ২৫ জানুয়ারি ভারতের নির্বাচনী আয়োগের ১০ তম প্রতিষ্ঠা দিবসের সঙ্গে সংগতি রেখে তকালীন রাষ্ট্রপতি প্রতিভা পাটিল এই দিবসের আনুষ্ঠানিক সূচনা করেছিলেন। গণতন্ত্রকে শক্তিশালী করার ক্ষেত্রে জাতীয় নির্বাচন কমিশনেরও ভূমসী প্রশংসা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

বরফের চাদরে ঢাকা পড়ল শিমলা, তুষারপাতে অপরূপ সৌন্দর্য্যে সেজে উঠল শ্রীনগর

শিমলা ও শ্রীনগর, ২৫ জানুয়ারি :নতুন করে তুষারপাতে অপরূপ সৌন্দর্য্যে সেজে উঠল শিমলা। বুধবার তুষারপাত হয়েছে শ্রীনগরেও। তুষারপাতের পর নতুন রূপে সেজে উঠেছে শিমলা ও শ্রীনগর। রাস্তাঘাট, ঘর-বাড়ি ও গাছপালা সমস্ত কিছুই শ্বেতশুভ্র বরফের চাদরে ঢাকা পড়েছে।হিমাচল প্রদেশের শিমলা জেলার নারকান্ডায় তাঁরী তুষারপাত হয়েছে, বুধবার সকালে দেখা যায় চারিদিকে শুধু বরফ আর বরফ। একইভাবে তুষারপাত হয়েছে শ্রীনগর-সহ জম্মু ও কাশ্মীরের নানা প্রান্তে। তুষারপাতের পর হিমাচল প্রদেশ এবং জম্মু ও কাশ্মীরে শীতের দাপটও অনেকটা ই বেড়েছে। কনকনে ঠান্ডার ক পিছে কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখ।

“বাংলা থেকে দিল্লি হয়ে আন্দামান পর্যন্ত দেশের প্রত্যেক অঞ্চল নেতাজীর কর্মতৎপরতাকে শ্রদ্ধা জানায়”

নয়াদিল্লি, ২৫ জানুয়ারিঃপ্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ‘পরাক্রম দিবস’-এ আয়োজিত এক অনুষ্ঠানে সম্প্রতি ভিডিও কনফারেন্সের মাধ্যমে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের ২১টি দ্বীপের নামকরণ ২১ জন পরমবীর চক্র সম্মানে ভূষিত ব্যক্তির নামে করেছেন। এই অনুষ্ঠানে তিনি নেতাজী সুভাষ চন্দ্র বসু দ্বীপে প্রস্তাবিত জাতীয় স্মারকের মডেলটি প্রকাশ করেছেন। নেতাজীর নামানুসারে এই স্মারকের নামকরণ করা হবে।এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখার সময় প্রধানমন্ত্রী বলেন, নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মদিন উপলক্ষে গত সোমবার দেশজুড়ে ‘পরাক্রম দিবস’ উদযাপিত হচ্ছে। তিনি দেশবাসীকে শুভেচ্ছা জানিয়ে বলেন, আজকের দিনটি সকলের জন্য অনুপ্রেরণার উস হয়ে থাকবে। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের জন্য এই দিনটির বিশেষ ঐতিহাসিক তাৎপর্য রয়েছে বলে মন্ত্রক প্রধানমন্ত্রী বলেন, ইতিহাস যখন রচিত হয় তখন ভবিষ্য প্রজন্ম শুধু ঐতিহাসিক ঘটনাগুলি মনেই রাখে না, সেগুলির পর্যালোচনা করে ও সেখান থেকে অনুপ্রাণিত হয়। তিনি বলেন, আজ দ্বীপপুঞ্জের ২১টি দ্বীপের নামকরণের এই অনুষ্ঠানের পর সংশ্লিষ্ট দ্বীপগুলি ২১ জন পরমবীর চক্র সম্মানিত ব্যক্তির নামে পরিচিত হবে। তিনি বলেন বলেন, নেতাজী যেখানে থাকতেন সেখানে তাঁর জীবনের বিভিন্ন ঘটনাকে স্মরণ করে একটি স্মারক তৈরি করা হবে। সেই স্মারকের শিলাানুসরণ করা হবে। আজকের দিনটি স্বাধীনতার অমৃতকালে ভবিষ্য প্রজন্মের জন্য একটি তাৎপর্যপূর্ণ অধ্যায় বলে বিবেচিত হবে। নেতাজী স্মারক এবং নতুন নামে পরিচিত ২১টি দ্বীপ আগামী প্রজন্মের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে উঠবে।আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের ইতিহাসকে স্মরণ করে প্রধানমন্ত্রী বলেন, ত্রিবর্ণ রঞ্জিত পতাকা এখানে প্রথম উত্তোলিত হয় এবং এই ভূমিতেই প্রথম স্বাধীন একটি সরকার গড়ে তোলা হয়। বীর সাতারকর সহ স্বাধীনতা সংগ্রামের নেতৃবৃন্দ দেশের জন্য তাঁদের জীবন উসর্গ করেছিলেন। সেলুলার জেলের কুঠুরিগুলি থেকে আজও অব্যক্ত যন্ত্রণার আওয়াজ শোনা যায়। শ্রী মৌদী ক্ষোভ প্রকাশ করে বলেন, আন্দামানের পরিচয় হওয়া উচি ছিল স্বাধীনতা সংগ্রামের গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসেবে। কিন্তু, সে দাসত্বের পরিচয়ে পরিচিত হত। আমাদের দ্বীপগুলির নাম সেই দাসত্বের স্মারক হিসেবে এতদিন পরিচিত ছিল। তিনি জানান, ৪-৫ বছর আগে তাঁর পোর্ট ব্লয়ের সফরকালে দ্বীপপুঞ্জের তিনটি প্রধান দ্বীপের তিনি নামকরণ করেছিলেন। গত সোমবার থেকে রস আইল্যান্ডের নাম হল ‘ সুভাষ চন্দ্র বসু দ্বীপ’। হ্যাভলক ও নীল আইল্যান্ডের নাম ‘ও শহীদ’ দ্বীপ। তিনি বলেন, নেতাজী নিজ ‘ এবং ‘ দ্বীপের নামকরণ করেছিলেন অথচ, স্বাধীনতার পর এতগুলি বছরেও কেউ সেই নাম ব্যবহার করার গুরুত্ব উপলব্ধি করেননি। আজাদ হিন্দ ফৌজ সরকারের ৭৫ বর্ষ পূর্তিতে আমাদের সরকার সেই নামগুলির ব্যবহার শুরু করবে।প্রধানমন্ত্রী বলেন, একবিংশ শতাব্দীর ভারত আজও সেই নেতাজীকে মনে রেখেছে যিনি দেশ স্বাধীন হওয়ার পর ইতিহাসের পাখি থেকে বিস্মৃত হয়েছিলেন। আন্দামানে প্রথবার যে স্থানে নেতাজী ত্রিবর্ণ রঞ্জিত পতাকার উত্তোলন করেছিলেন, সেই একই জায়গা থেকে আজ সুউচ্চ বিশাল জাতীয় পতাকার উত্তোলন করা হল। যারা এই স্থান সফর করবেন তাঁদের প্রত্যেকের মধ্যে দেশপ্রেম প্রস্ফারিত হবে। শ্রী মোদী বলেন, নেতাজীর স্মৃতি রক্ষার্থে যে নতুন প্রদর্শনশালা ও স্মারক গড়ে তোলা হচ্ছে, আগামীদিনে যখন কেউ আন্দামানে বেড়াতে আসবেন তখন এই জায়গাগুলির গুরুত্ব তিনি আরও ভালোভাবে উপলব্ধি করতে পারবেন। ২০১৯ সালে দিল্লির লালকিল্লায় যে নেতাজী প্রশ্রশালার উদ্বোধন করা হয় সেই স্থান আজ জনগণের অনুপ্রেরণার উৎস। প্রধানমন্ত্রী বলেন, নেতাজীর ১২৬তম জন্মবার্ষিকী উপলক্ষে বাংলায় যে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল, সেই অনুষ্ঠানে ২৬ জানুয়ারিকে ‘ দিবস’ হিসেবে পালনের সিদ্ধান্ত নেওয়া হয়। বাংলা থেকে দিল্লি হয়ে আন্দামান পর্যন্ত দেশের প্রত্যেক অঞ্চল নেতাজীর কর্মতরতাকে শ্রদ্ধা জানায়।শ্রী মোদী বলেন, দেশ স্বাধীন হওয়ার অব্যবহিত পরেই নেতাজীকে নিয়ে যে উদ্যোগ নেওয়া উচি ছিল তা শুরু হয়েছে গত ৮-৯ বছর আগে। স্বাধীন ভারতের প্রথম সরকার গঠিত হয়েছিল ১৯৪৬ সালে। দেশ তার জন্য গর্বিত। আজাদ হিন্দ সরকারের ৭৫ বছর পূর্তি উপলক্ষে লালকেল্লায় জাতীয় পতাকা উত্তোলন করে নেতাজীর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, নেতাজীর জীবন সংক্রান্ত অপ্রকাশিত ফাইলগুলিকে জনসমক্ষে আনার জন্য দীর্ঘদিনের দাবি আজ পূরণ হয়েছে। আমাদের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলির সামনে এবং কর্তব্য পথে নেতাজীর বিশাল প্রতিকৃতি নিজেদের কর্তব্য সম্পর্কে সচেতন করে তোলেন।শ্রী মোদী বলেন, বিশ্বের বিভিন্ন দেশে বিখ্যাত ব্যক্তিত্ব এবং স্বাধীনতা সংগ্রামীদের কথা স্মরণ করা হয় এবং দেশ গঠন ও দেশের

বড়সড় ধাক্কা খেল কংগ্রেস, হাত ছাড়লেন এ কে অ্যান্টনির ছেলে অনিল

নয়াদিল্লি, ২৫ জানুয়ারি : বড়সড় ধাক্কা খেল কংগ্রেস! কংগ্রেসকে বাসা ধাক্কা দিয়েছেন এ কে অ্যান্টনির ছেলে অনিল কে অ্যান্টনির। বুধবার সকালে

লখিমপুর হিংসা মামলাঃআশিসকে অন্তর্বর্তী জামিন দিল সুপ্রিম কোর্ট, রয়েছে বেশ কিছু শর্তও

নয়াদিল্লি, ২৫ জানুয়ারিঃউত্তর প্রদেশের লখিমপুর খেরি হিংসা মামলার প্রধান অভিযুক্ত আশিস মিশ্রকে অন্তর্বর্তীকালীন জামিন দিল সুপ্রিম কোর্ট। বুধবার আশিস মিশ্রকে শর্তসাপেক্ষে ৮ সপ্তাহের জন্য অন্তর্বর্তীকালীন জামিন প্রদান করেছে সুপ্রিম কোর্ট। অন্তর্বর্তী জামিন দেওয়ার পর শ্রী আদালত

করেছিলেন। গত সোমবার থেকে রস আইল্যান্ডের নাম হল ‘ সুভাষ চন্দ্র বসু দ্বীপ’। হ্যাভলক ও নীল আইল্যান্ডের নাম ‘ও শহীদ’ দ্বীপ। তিনি বলেন, নেতাজী নিজ ‘ এবং ‘ দ্বীপের নামকরণ করেছিলেন অথচ, স্বাধীনতার পর এতগুলি বছরেও কেউ সেই নাম ব্যবহার করার গুরুত্ব উপলব্ধি করেননি। আজাদ হিন্দ ফৌজ সরকারের ৭৫ বর্ষ পূর্তিতে আমাদের সরকার সেই নামগুলির ব্যবহার শুরু করবে।প্রধানমন্ত্রী বলেন, একবিংশ শতাব্দীর ভারত আজও সেই নেতাজীকে মনে রেখেছে যিনি দেশ স্বাধীন হওয়ার পর ইতিহাসের পাখি থেকে বিস্মৃত হয়েছিলেন। আন্দামানে প্রথবার যে স্থানে নেতাজী ত্রিবর্ণ রঞ্জিত পতাকার উত্তোলন করেছিলেন, সেই একই জায়গা থেকে আজ সুউচ্চ বিশাল জাতীয় পতাকার উত্তোলন করা হল। যারা এই স্থান সফর করবেন তাঁদের প্রত্যেকের মধ্যে দেশপ্রেম প্রস্ফারিত হবে। শ্রী মোদী বলেন, নেতাজীর স্মৃতি রক্ষার্থে যে নতুন প্রদর্শনশালা ও স্মারক গড়ে তোলা হচ্ছে, আগামীদিনে যখন কেউ আন্দামানে বেড়াতে আসবেন তখন এই জায়গাগুলির গুরুত্ব তিনি আরও ভালোভাবে উপলব্ধি করতে পারবেন। ২০১৯ সালে দিল্লির লালকিল্লায় যে নেতাজী প্রশ্রশালার উদ্বোধন করা হয় সেই স্থান আজ জনগণের অনুপ্রেরণার উৎস। প্রধানমন্ত্রী বলেন, নেতাজীর ১২৬তম জন্মবার্ষিকী উপলক্ষে বাংলায় যে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল, সেই অনুষ্ঠানে ২৬ জানুয়ারিকে ‘ দিবস’ হিসেবে পালনের সিদ্ধান্ত নেওয়া হয়। বাংলা থেকে দিল্লি হয়ে আন্দামান পর্যন্ত দেশের প্রত্যেক অঞ্চল নেতাজীর কর্মতরতাকে শ্রদ্ধা জানায়।শ্রী মোদী বলেন, দেশ স্বাধীন হওয়ার অব্যবহিত পরেই নেতাজীকে নিয়ে যে উদ্যোগ নেওয়া উচি ছিল তা শুরু হয়েছে গত ৮-৯ বছর আগে। স্বাধীন ভারতের প্রথম সরকার গঠিত হয়েছিল ১৯৪৬ সালে। দেশ তার জন্য গর্বিত। আজাদ হিন্দ সরকারের ৭৫ বছর পূর্তি উপলক্ষে লালকেল্লায় জাতীয় পতাকা উত্তোলন করে নেতাজীর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, নেতাজীর জীবন সংক্রান্ত অপ্রকাশিত ফাইলগুলিকে জনসমক্ষে আনার জন্য দীর্ঘদিনের দাবি আজ পূরণ হয়েছে। আমাদের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলির সামনে এবং কর্তব্য পথে নেতাজীর বিশাল প্রতিকৃতি নিজেদের কর্তব্য সম্পর্কে সচেতন করে তোলেন।শ্রী মোদী বলেন, বিশ্বের বিভিন্ন দেশে বিখ্যাত ব্যক্তিত্ব এবং স্বাধীনতা সংগ্রামীদের কথা স্মরণ করা হয় এবং দেশ গঠন ও দেশের

টুইট করে কংগ্রেস ছাড়ার কথা ঘোষণা করেছেন অ্যান্টনির ছেলে অনিল। টু ইটে তিনি লিখেছেন, জাতীয় কংগ্রেসিও কেরল কংগ্রেসে নিজের দায়িত্ব

জানিয়েছে, আশিস মিশ্রকে নিজের অবস্থান সম্পর্কে সংশ্লিষ্ট আদালতকে জানাতে হবে। সুপ্রিম কোর্ট আরও স্পষ্ট করে জানিয়েছে, আশিস মিশ্র অথচ তাঁর পরিবারের কেউ সাক্ষীদের প্রভাবিত করলে কিবা বিচারে বিলম্ব করার চেষ্টা করা হলে তাঁর জামিন বাতিল হতে পারে।২০২১ সালে উত্তর প্রদেশের

উন্নয়নের মধ্য দিয়ে তাঁদের স্বপ্ন পূরণের উদ্যোগ নেওয়া হয়। স্বাধীনতার অমৃতকালে ভারত সেই উদ্যোগই গ্রহণ করেছে।২১টি দ্বীপের নামকরণের পেছনে ‘ ভারত শ্রেষ্ঠ ভারত’-এর ভাবনা কাজ করছে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ভারতীয় সেনাবাহিনীর সাহস ও শৌর্য এবং দেশের জন্য যারা প্রাণ বিসর্জন দিয়ে অমরত্ব লাভ করেছেন তাঁদের সকলকে এই উদ্যোগের মাধ্যমে স্মরণ করা হল। ভারতমাতাকে রক্ষা করার জন্য ২১ জন পরমবীর চক্র সম্মানিত তাঁদের জীবন উসর্গ করেছিলেন। প্রধানমন্ত্রী বলেন, ভারতীয় সেনাবাহিনীতে বিভিন্ন রাজ্যের নানা ভাষাভাষি ও জীবনশৈলীতে অভ্যস্ত সাহসী সৈন্যরা রয়েছেন যারা ভারতমাতার সৈন্যে জন্য এক হয়ে কাজ করে চলেছেন। সমুদ্র যেমন বিভিন্ন দ্বীপের মধ্যে যোগসূত্র গড়ে তোলে, ভারতমাতার প্রত্যেক সন্তানের মধ্যেও ‘ ভারত শ্রেষ্ঠ ভারত’ ভাবনা একতা বোধকে সে জাগ্রত করে। মেজর সোমনাথ শর্মা, পীর সিং, মেজর শহীতান সিং, ক্যাপ্টেন মোনাজ পাণ্ডে, সুবোদার যোগীন্দ্রর সিং, ল্যান্স নায়েক আদর্বাট একা, বীর আব্দুল হামিদ বা মেজর রামাশ্রমী পরমেশ্বরন – প্রত্যেক পরমবীরের জীবনে একটিই সঙ্কল্প ছিল – ‘ আগে! ভারত প্রথম।’ তাঁদের নামানুসারে এই দ্বীপগুলির নামকরণ করার ফলে তাঁদের আত্মোঙ্গ অরত্ব লাভ করবে। কার্গিল যুদ্ধে শহীদ হওয়া ক্যাপ্টেন বিক্রম বাত্রার জন্য আন্দামানের একটি পাহাড়ের নামকরণ করা হয়েছে।শ্রী মোদী বলেন, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের দ্বীপগুলির নামকরণ পরমবীর চক্র সম্মানিত সৈনিকদের নামে যেমন করা হল, একইসঙ্গে ভারতীয় সমস্ত বাহিনীকেও এর মধ্য দিয়ে সম্মান জানানো হল। স্বাধীনতার সময় থেকেই আমাদের সেনাবাহিনীর সদস্যরা যুদ্ধ করে আছেন এবং সেই সময় থেকেই সমস্ত ভারতীয় সাহসিকতা প্রমাণিত। সেনাবাহিনীর অবদানের পাশাপাশি দেশ রক্ষার কাজে যেসব নৈয়া নিজেদের আত্মোসর্গ করেছেন তাঁদের কাজের স্বীকৃতি দেওয়া দেশের কর্তব্য। আজ দেশ সেনাবাহিনীর সদস্যদের স্বীকৃতি জানানোর মধ্য দিয়ে তাঁর একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করলেন।আঃ দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের সন্তানবার বিষয়টি উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এই দ্বীপ জন, প্রকৃতি, পরিবেশ, উদ্যোগ, সাহস, ঐতিহ্য, পর্যটন এবং অনুপ্রেরণার উস। এই অঞ্চলের সন্তানবানকে শনাক্ত করে তাদেরকে কাজে লাগাতে হবে। গত আট বছরে তাঁর সরকারের গৃহীত বিভিন্ন উদ্যোগের

থেকে ই স্তুফ। দিচ্ছি।জাতীয় কংগ্রেস ও কেরল কংগ্রেসকে ট্যাগ করে অনিল টুইট।রের মাধ্যমে আরও জানিয়েছেন, ঘৃণা প্রত্যাখ্যান করেছি আমি।

লখিমপুর খেরিতে কৃষকদের হত্যায় অভিযুক্ত হলেন আশিস মিশ্র। তিনি আবার কেএলীয় মন্ত্রী অজয় কুমার মিশ্রর স্ত্রী হলেন। জামিনের আবেদন জানিয়ে সুপ্রিম কোর্টের বার্ষহ হয়েছিলেন আশিস। বুধবার তাঁকে শতসাপেক্ষে ৮ সপ্তাহের জন্য জামিন প্রদান করেছে বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জে কে

কথা উল্লেখ করে শ্রী মোদী জানান, ২০১৪ সালের নিরিখে ২০২২ সালে আন্দামানে দ্বিগুণ পর্যটক ভ্রমণ করছেন। এর ফলে, পর্যটন সংক্রান্ত কর্মসংস্থান ও আয় – দুই-ই বৃদ্ধি পেয়েছে। আজ আন্দামানের সঙ্গে ভারতের স্বাধীনতা সংগ্রামের ঘটনাবলীর তথ্য আরও বেশি করে প্রকাশিত হওয়ায় এই অঞ্চলের প্রতি মানুষের আগ্রহ বাড়ছে। দ্বীপভূমির সমৃদ্ধ আদিবাসী ঐতিহ্যের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, নেতাজী সুভাষ চন্দ্র বসুর নামাঙ্কিত স্মারক এবং সেনাবাহিনীর সাহসিকতার নিদর্শনকে সম্মান জানানোর ফলে আগামীদিনে এই অঞ্চলের প্রতি মানুষের আগ্রহ আরও বাড়বে।পূর্ববর্তী সরকারের দেশের সন্তানবানকে কাজে লা গাণানোর প্রসঙ্গ উল্লেখ করে শ্রী মোদী বলেন, অতীতে ধ্বংসাত্মক রাজনীতির কারণে দেশ হীনমন্যতায় ভুগত। দেশের আত্মপ্রত্যয়ের ঘাটতি ছিল। উত্তর-পূর্বাঞ্চল সহ আমাদের হিমালয় সন্নিহিত রাজ্যগুলি এবং আন্দামান ও নিকোবরের মতো দ্বীপভূমিতে দীর্ঘদিন ধরে উন্নয়ন হয়নি। এই অঞ্চলগুলিকে প্রত্যন্ত, দুর্গম এবং অপ্রাসঙ্গিক বলে বিবেচনা করা হত। ভারতের কত দ্বীপ ছিল সেই সংখ্যাও গোনা হত না। অথচ, সিঙ্গাপুর, মালদ্বীপ, সেশেলস্-এর মতো উন্নত দ্বীপরাষ্ট্রগুলির ভৌগোলিক আয়তন আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের থেকে কম। কিন্তু যথাযথ সম্পদ ব্যবহারের ফলে আজ এ দেশগুলি উন্নয়নের নতুন উচ্চতায় পৌঁছেছে। ভারতের দ্বীপগুলিরও একই সম্ভাবনা রয়েছে বলে প্রধানমন্ত্রী বলেন, আজ আন্দামানে সাবমেরিন অপটিক্যাল ফাইবার সংযোগ পৌঁছে গেছে। এর ফলে দ্রুত গতির ইন্টারনেট পরিষেবা পাওয়া যাচ্ছে। ফলস্বরূপ, ডিজিটাল পদ্ধতিতে লন্সরণ সহ বিভিন্ন পরিষেবা পাওয়া যাচ্ছে, যার সুফল পর্যটকরাও পাচ্ছেন। বর্তমানে প্রাকৃতিক ভারসাম্য এবং আধুনিক সম্পদের যথাযথ ব্যবহারের ফলে দেশ সামনের দিকে এগোচ্ছে।আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের ইতিহাসের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এই অঞ্চল দেশের উন্নয়ন তা সংগ্রামে নতুন দিশ দেখিয়েছিল। তাঁর ভাষণের শেষে শ্রী মোদী বলেন, ভবিষ্যতে দেশের উন্নয়নে এই অঞ্চল নতুন মাত্রা যোগ করবে বলে তিনি নিশ্চিত। আমি নিশ্চিত, আমরা এমন এক সক্ষম ভারত গড়ে তুলব যা বর্তমান যুগের উন্নয়নের প্রতিটি ক্ষেত্রে শীর্ষ স্থানে পৌঁছাবে।অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী শ্রী অমিত শাহ, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের উপ-রাজ্যপাল আউমিরাল ডি কে যোশী, রিজ অফ ডিপ্লম স্টাফ জেনারেল অনিল টোহান সহ বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন।

ভালোবাসাকে তিনি সমর্থন করেন বলে জানিয়েছেন। অর্থা দলের বিরুদ্ধে ক্ষোভ উগাতে দিয়েই কংগ্রেস ছাড়লেন এ কে অ্যান্টনির ছেলে অনিল কে অ্যান্টনি।

মাহেশ্বরীর দেখা। এদিন সবচেঁচ আদালত জানিয়েছে, দিল্লি এনসিটি এবং উত্তর প্রদেশে থাকতে পারবেন না তিনি এবং জামিনে সুপ্রিম পাওয়ার এক সপ্তাহের মধ্যে তাঁকে উত্তরপ্রদেশে ছাড়তে হবে। পাসপোর্ট জমা রাখতে হবে এবং কোথায় থাকছেন তা আদালতকে জানাতে হবে।

ভারত ও মিশর দু’টি প্রাচীনতম সভ্যতা, দুই দেশের মধ্যে বাণিজ্যিক সম্পর্কের ইতিহাস রয়েছেঃপ্রধানমন্ত্রী



নয়াদিল্লি, ২৫ জানুয়ারি : ভারত ও মিশর দু’টি প্রাচীনতম সভ্যতা, দুই দেশের মধ্যে বাণিজ্যিক সম্পর্কের ইতিহাস রয়েছে। বুধবার দিল্লির হায়দরাবাদ হাউসে মিশরের রাষ্ট্রপতি আন্দেল ফাতাহ এল-সিসি-র যৌথ বক্তিতে একথা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।প্রধানমন্ত্রী বলেছেন, গত কয়েক বছরে আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ক আরও গভীর হয়েছে। এ বছর আসন্ন জি-২০ বৈঠকে বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো হয়েছে মিশরকে। এভাবে প্রকৃতি দিল্লের প্রধান অতিথি হলেন মিশরের রাষ্ট্রপতি আন্দেল ফাতাহ এল-সিসি। তাঁর উদ্দেশে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, মিশরের রাষ্ট্রপতি আন্দেল ফাতাহ এল-সিসি এবং তাঁর প্রতিনিধিকে ভারতে স্বাগত জানাই। আজ(বৃহঃবার) প্রজাতন্ত্র দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তিনি। আমি খুশি যে মিশরীয় সামরিক দলও কূচকাওয়াজ অংশগ্রহণ করবে।প্রধানমন্ত্রী মোদী এদিন আরও বলেছেন, আমাদের মধ্যে যৌথ অনুশীলন প্রশিক্ষণ এবং সক্ষমতা বৃদ্ধি হয়েছে। আমরা সাহিবারম্পেসের অপব্যবহারের বিষয়েও সহযোগিতা করব, যা চরমপন্থা ও উগ্রবাদ ছড়াতে সাহায্য করে। কোভিড এবং ইউক্রেন সঙ্কটের কারণে ব্যাহত হওয়া সাপ্লাই চেইন নিয়েও আমরা আলোচনা করেছি। প্রধানমন্ত্রীর কথায়, ভারত ও মিশর স্বাস্থ্যসাবাদ নিয়ে উদ্বিগ্ন। উভয় দেশ একমত যে অন্য ঐগীমস্ত স্বাস্থ্য নিয়ন্ত্রণে কঠোর পদক্ষেপ নিতে হবে। কোভিড প্রাদুর্ভাবের সময়, আমরা উভয় দেশের প্রয়োজনীয়তা মেনোতে একসঙ্গে কাজ করেছি।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আরও বলেছেন, আমরা মিশরের সঙ্গে আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ককে কৌশলগত অংশীদারিত্বে উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছি। আমরা সিদ্ধান্ত নিয়েছি যে ভারত-মিশর কৌশলগত অংশীদারিত্বের অধীনে আমরা রাজনীতি, নিরাপত্তা, অর্থনীতি এবং বিজ্ঞানের ক্ষেত্রে বৃহত্তর সহযোগিতার জন্য একটি দীর্ঘমেয়াদী কাঠামো তৈরি করব।

জোশীমঠের ৭০ শতাংশ সাধারণ জনজীবন স্বাভাবিক রয়েছেঃপুঙ্কর সিং ধামি

দেহরাদুন, ২৫ জানুয়ারি : জোশীমঠের ৭০ শতাংশ সাধারণ জনজীবন স্বাভাবিক রয়েছে। দাবি করে বললেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুঙ্কর সিং ধামি। বুধবার দেহরাদুনে তিনি সাংবাদিকদের মুখোমুখি হয়ে দাবি করে বলেছেন, আমি বারবার বলছি, জোশীমঠের ৭০ শতাংশ সাধারণ জনজীবন স্বাভাবিক রয়েছে। আমরা নকল করতে গিয়ে ধরা পড়বে তারা পরবর্তী ১০ বছর কোনও পরীক্ষায় বসতে পারবেন না।



ওয়েলিংটন, ২৫ জানুয়ারিঃনিউজিল্যান্ডের নতুন প্রধানমন্ত্রী হিসাবে বুধবার দায়িত্ব গ্রহণ করলেন লেবার পার্টির নেতা ক্রিস হিপকিন্স। নিউজিল্যান্ডের ৪১ তম প্রধানমন্ত্রী হলেন তিনি। গত সপ্তাহেই জাসিন্ডা আর্ডেন প্রধানমন্ত্রী পদ থেকে ইস্তফা দেবেন বলে ঘোষণা করেন। মঙ্গলবার আর্ডেন প্রধানমন্ত্রী পদ থেকে ইস্তফা দেন। এরপরই এদিন দেশের শ্রমিক নেতা ক্রিস হিপকিন্স প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব গ্রহণ করেন।জানা গিয়েছে, শাসক দল লেবার পার্টির তরফে রবিবারই হিপকিন্সকে পরবর্তী প্রধানমন্ত্রী হিসাবে বেছে নেওয়া হয়। করোনাকালে তিনি কেভিড রেসপন্স ও পুলিশ মন্ত্রী ছিলেন। ৪৪ বছর বয়সী এই নেতা আজ নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব গ্রহণের পরই জানান, দেশের অর্থনীতির উন্নয়নের লক্ষ্যে তিনি কাজ করবেন। করোনাকালে অর্থনীতিতে যে মন্দা ও মূল্যবৃদ্ধি হয়েছিল, তা সামলে নিয়ে দেশের অর্থনীতিকে পুরনো অবস্থায় ফিরিয়ে আনাই তাঁর প্রধান লক্ষ্য বলে জানান। উল্লেখ্য, আপাতত নয় মাসের জন্য প্রধানমন্ত্রী হতে চলেছেন হিপকিন্স। তারপরই দেশের সাধারণ নির্বাচন রয়েছে।এ দিন সকালেই নিউজিল্যান্ডের গহনর জেনারেল সিভি কিরো নতুন প্রধানমন্ত্রী হিসাবে হিপকিন্সকে শপথ গ্রহণ করান। শপথ গ্রহণ করার পর হিপকিন্স বলেন, এবার সতি লাগছে আমি প্রধানমন্ত্রী হয়ে গিয়েছি। এটা আমার জীবনের সবচেয়ে বড় সুযোগ এবং দায়িত্ব। আগামীদিনে আমার সামনে যা যা চ্যালেঞ্জ রয়েছে, তার সম্মুখীন হতে আমি প্রস্তুত।নিউজিল্যান্ডের উপ প্রধানমন্ত্রী হিসাবে শপথ গ্রহণ করবেন কার্মেল সেপুলোনি। তিনিও নতুন প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানান। অন্যদিকে, গতি সংসদ ভবনকে বিদায় জানান জাসিন্ডা আর্ডেন। সমস্ত সদস্যরা তাঁকে জড়িয়ে ধরে, চোখের জলে বিদায় জানান।

পশ্চিমবঙ্গের এক মহিলা-সহ ১৮জন পাচ্ছেন রাষ্ট্রপতি ও পুলিশ পদক

নয়াদিল্লি, ২৫ জানুয়ারি : সাধারণ তন্ত্র দিবসে পশ্চিমবঙ্গ থেকে ১৮জন রাষ্ট্রপতি ও পুলিশ পদক সম্মান পেতে চলেছেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক প্রাপকদের পড়েছিল বৃষ্টি। মানুষের কাজকর্ম পণ্ড করতে একটু আধটু বিরতি বাদ দিলে প্রায় সারাদিনই সে ঝরেছিল অঝোর ধারায়। কিন্তু এবছর আর বৃষ্টি চোখ রাঙাতে পারেনি। গতবছর পুজো মণ্ডপের শেষ মুহূর্তের প্রস্তুতিতে বাধ পেয়েছিল এই বৃষ্টি। হস্তশিল্পের কারকাজে তৈরি ম্যারাফ আলুখালু হয়ে গিয়েছিল অনেক জায়গাতেই। তবুও পুজো হবে এই আশা সাহস জুগিয়েছিল বৃষ্টি কাঁধেও। দেবী সরস্বতী সেই আশা যুগিয়ে গিয়েছিলেন অহরহ। স্তন্যন, বিদ্যা আর বুদ্ধি মিশ্রিত সেই আশায় পুজো শুরুর ঠিক আগে উজ্জ্বল হয়ে থেকেছিল উৎসববিয় ভক্তদের মন মাঝেই।২০২৩-এর এই সরস্বতী আরাধনা কিছুটা যেন অতীতকে অনুস্মৃদ করেছে।আসলে অতীতের তাপ উত্তাপকে পাথৈয় করেই রচিত হয় বর্তমানের কাহিনি।এ বছর পুজোর আগের দিনটি ছিল রৌদ্রোজ্বল। সেই রৌদ্রদের রেশ নিয়েই এবার দেবী সরস্বতীর আরাধনা করবে সমগ্র ভক্তকূল।

পূর্ণাঙ্গ পঙ্ক্তিকা
কলকাতা,২৬জানুয়ারিঃবৃহঃবার, ১১মাঘ মাস ১৪২৯ বঙ্গাব্দ, ইংরেজীঃ২৬জানুয়ারিঃ ২০২৩, ৫৩৬ চৈতন্যদ, কলিঃ৫২২৩, সৌরঃ১১ মাঘমাস, চান্দ ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাংঘ, ২৫৫৬ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ১১ মাঘ মাস ১৪২৯, ভারতীয় সিভিলঃ১০ মাঘ মাস ১৯৪৪, মৈতৈঃ৮ শজিব, আসামঃ২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণা পূজার গাতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১ঃ২১ঃ৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৬৭৩৮ঃ৪৫ পর্যন্ত নক্ষঃমৃগাষাদ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৮ঃ৫ পর্যন্ত পরে পূনর্বস্করণঃবহিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৮৮ঃ৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃমীন ০৫ঃ২৪ঃ১৩ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১ঃ০২ঃ৩৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১ঃ২ঃ৫৩ঃ৪০ থেকে - ০২ঃ৩২ঃ২ঃ৫৪ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫৫ঃ২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৮ঃ৫২ঃ১২ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ১৩ পর্যন্ত,কুলিক বেলোঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত,কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত, বারবেলাঃ দিন ০৮ঃ৩৩ঃ২৫ থেকে - ১ঃ০৪ঃ৫২ পর্যন্ত, কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১ঃ০১ঃ১ঃ৫৪ পর্যন্ত,গ্রন্থফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১ঃ২৪ঃ৬১৯ (২৭) ৩ পদসংঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৬) ২ পদবৃঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২৩৬ (২৫) ৩ পদশুঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৬) ১ পদরাঃ ১২২৭৫৬ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪ পদ।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫
রাশিফল
অশ্বত, সকালে দিকে মেঘলা আকাশ হবে। পরে পরিষ্কার থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮.০ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ১৮.০ডিগ্রী সেণ্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আশেপাশিক আব্র্হতা হবে ৯৪শতকরা এবং ৫৯শতকরা। বৃষ্টিহ্রনি বুধবার জ্যোয়ার-সকল ১০ট ২০ মিনিট এক্স রাত-১০ট ২০মিনিট হবে। ভাটা-সকাল-১০টা ২০মিনিট। রাত-১০টা ২০ মিনিট। সূর্য উদয় হবে আজঃ ৬ টি ১৯মিনিট এবং সূর্য অস্ত যাবে আজঃ ৫ টি - ২০মিনিটে।মঙ্গ গ্রহ অব্যাহতায় পরিবর্তন
রাশিফল
মেঘ রাশিঃহাওয়ায় প্রাসাদ বানিয়ে সময় নষ্ট করবেন না। তার চেয়ে উপযুক্ত কাজ করার জন্য শ্রমে সঞ্চয় করতে চেষ্টা করুন। বৃষ রাশিঃআপনার মন সাম্প্রতিক ঘটনার কারণে বিব্লিত হবে। মেডিটেশন এবং যোগব্যায়াম। আধ্যাত্মিক ও সেইসঙ্গে শারীরিক লোভের জন্য উপকারী প্রমাণিত হতে পারে। বিবাহের যোগ হবে। মিথুন রাশিঃস্বপ্নাশ্রয়ে দিক থেকে এটি অত্যন্ত ভালো দিন। আপনার মনের উল্ল এবং অহা আপনাকে কান্ধিত বল অনেক হলেও শ্রুতিনির কাকট রাশিঃব্যস্ত সময়সূচী সত্বেও স্বাস্থ্য সুন্দর থাকবে। আজকে আপনার কোনো কাছের লোকের সাথে আপনার বগা হতে পারে আর সেটা কোর্ট পর্যন্ত যাবে আজ সিংহ রাশিঃউচ্চ প্রোকাইরের মানুষের সঙ্গে দেখা করবেন নার্ভাস হবেন না এবং আত্মবিশ্বাস হারানেন না। সন্তান হতে পারে। কন্যা রাশিঃআপনার আবেগপ্রবণ স্বভাব আপনার স্বাস্থ্যে গুরুতর সমস্যার সৃষ্টি করতে পারো।শুভ তুলা রাশিঃ আপনার প্র বল সহনশীলতা এবং নিভীকতা। ভীষণভাবে মানসিক ক্ষমতার তালিকা প্রকাশ করেছে।প্রতি বছর সাধারণতন্ত্র দিবসের অগ্নি স্বরাষ্ট্র মন্ত্রক থেকে প্রকাশিত হয় রাষ্ট্রপতি ও পুলিশ মেডেল প্রাপকদের তালিকা।কর্মক্ষেত্রে বিশেষ ভূমিকাকে স্বীকৃতি হিসেবে দেওয়া হয় এই সম্মান। পশ্চিমবঙ্গের পাশাপাশি অন্যান্য রাজ্যে থেকেও পুলিশ কর্মীদের রাষ্ট্রপতি পদ ও পুলিশ পদকের জন্য নির্বাচিত করা হয়েছে।প্রাপকরা হলেন, সুশান্ত পদ (কলকাতা পুলিশ), সজিত কুমার শানি (এস আই, ডাইরেক্টর অব সিকিউরিটি, অলিপুর), শাল্লু কুমার তরফলার (অ্যাসিস্ট্যান্ট কমিশনার, কলকাতা পুলিশ), দীপঙ্কর দাস (অ্যাসিস্ট্যান্ট কমিশনার, কলকাতা পুলিশ), সুব্রত দে (এসটিএফ, কলকাতা পুলিশ), চন্দন দাস (ইন্সপেক্টর, ব্রিগেড ডে কোয়ার্টার), অরুণ ব্যানার্জি (ইন্সপেক্টর, সাউথ ডিভিশ

শ্রীপঞ্চমী এবং দেবী সরস্বতীর আরাধনা

কৌশিক দাস, ২৫ জানুয়ারি : কৃষিকাজের ক্ষেত্রেও বসন্ত পঞ্চমী তিথিটি অত্যন্ত উল্লেখযোগ্য। সরস্বতী পূজোদেই বসন্তের শুরু। কৃষি নির্ভর আমাদের দেশে এই সময় থেকেই শুরু হয় সর্ষে রোপণ। অন্য দিকে কবি কৃতিবাসের জন্মও এই দিনটিতে। আদিত্যবার শ্রীপঞ্চমী পূর্ণ মাস মাস। তমি মাঘে জন্ম লইলাম কৃতিবাস।। মহেন্দ্রনাথ চট্টোপাধ্যায় কৃতিবাসের জন্ম তারিখ ১৫৬৯ খ্রিস্টাব্দে বলেছেন। যোগেশচন্দ্র বিদ্যানিধি জ্যোতিষশাস্ত্র বর্ণনা করে প্রথমে বলেন ১৪৫৬ খ্রিস্টাব্দে কৃতিবাসের জন্ম। মতান্তর থাকতেই পারে। তবে শ্রীপঞ্চমী তিথিটি বাঙালির বারো মাসে তেরো পার্শ্বের মধ্যে বিশেষ সাক্ষ্য বহন করে। এই দিনটিতে বিদ্যার অধীষ্ঠাত্রী দেবী সরস্বতীর পূজা করা হয় দেশজুড়ে। সরস্বতী পূজো হিন্দুদের বিদ্যা ও সঙ্গীতের অন্যতম আচার। দেবী সরস্বতীর আরাধনাকে কেন্দ্র করে অনুষ্ঠেয় একটি অন্যতম প্রধান হিন্দু উৎসব। শাস্ত্রীয় বিধান অনুসারে মাঘ মাসের শুক্লা পঞ্চমী তিথিতে সরস্বতী পূজো করা হয়। এই তিথিটি শ্রীপঞ্চমী বা বসন্ত পঞ্চমী নামেও পরিচিত। উত্তর ভারত, এরাজ্য, ওড়িশা, নেপাল ও বাংলাদেশে সরস্বতী পূজো উপলক্ষে বিশেষ উৎসাহ উদ্দীপনা দেখা যায়। শ্রীপঞ্চমীর দিন ভোরবেলায় বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, ছাত্রছাত্রীদের গৃহ ও সার্বজনীন পূজো মণ্ডপে দেবী সরস্বতীর আরাধনা করা হয়। ধর্মপ্রাণ হিন্দু পরিবারে এই দিন শিশুদের হাতেখড়ি, ব্রাহ্মণভোজন ও পিতৃতপণের প্রথাও প্রচলিত। পূজোর দিন সন্ধ্যায় শিক্ষাপ্রতিষ্ঠান ও সার্বজনীন পূজোমণ্ডপগুলিতে সাংস্কৃতিক অনুষ্ঠানও আয়োজিত হয়। পূজোর পরের দিনটি শীতলাষ্টী নামে পরিচিত। পশ্চিমবঙ্গে কোনো কোনো হিন্দু পরিবারে সরস্বতী পূজোর পরদিন অরন্ধন পালনের প্রথা রয়েছে।

ব্রহ্মবৈবর্ত পুরাণ অনুযায়ী গোলাকে শ্রীকৃষ্ণের কণ্ঠদেশ থেকে দেবী সরস্বতী উদ্ভূত হ হয়েছিলেন। চৈতন্য ভাগবত (আদিলীলা ২৯-১৪) তে বর্ণনা করা হয়েছে-পূর্বে ব্রহ্মা জন্মিলেন নান্ডিপদ্র হৈতো। তথাপিও শক্তি নাই কিছুই দেখিতে। তবে যবে সর্ববারে লইলা শরণ,তবে প্রভু কৃপায় দিলেন দর্শন। তবে কৃষ্ণ কৃপায় ক্ষুরিত সরস্বতী। তবে সে জানিলা সর্ব অবতার স্থিতি।। এক সময় শ্রীব্রহ্মা সৃষ্টিকার্যের জন্য প্রস্তুত হচ্ছেন। শান্তভাবে ধ্যানস্থ আছেন। কী করবেন, কী করা উচিত চিন্তা করছেন। এমন সময় তাঁর শরীর থেকে এক সুন্দরী দেবীমূর্তি প্রকাশিত হয়। দেবী ব্রহ্মাজীকে বললেন, হে বিধাতা আমি আপনার থেকে প্রকাশিত হলাম। এখন দয়া করে আপনি আমার স্থান এবং কী কর্ম তা নির্দেশ করুন। ব্রহ্মা বললেন তোমার নাম সরস্বতী। তুমি অবস্থান করো সকলের জিজ্ঞাতে বিশেষভাবে সুশিক্ষিত ব্যক্তিদের জিজ্ঞাতে তুমি নৃত্য

কুয়াশার দাপটে বিঘ্নিত হাসনাবাদ শাখার ট্রেন চলাচল, দীর্ঘক্ষণ ভোগান্তি যাত্রীদের



শুরু করেছে কুয়াশার দাপট। বুধবার সকাল থেকেই ঘন কুয়াশার চাদরে ঢাকা ছিল আকাশ। কুয়াশার ফলে যথেষ্ট কম ছিল রাস্তার দৃশ্যমানতা। যার ফলে এদিন সকাল থেকেই নির্দিষ্ট সময়ের থেকে অনেকটা দেরিতে চলে গেল। সকাল ৭.৪২ মিনিটের ডাউন হাসনাবাদ লোকাল আনুমানিক ৮.০৫ মিনিটে ছাড়ে হাসনাবাদ থেকে। এর আগের ট্রেনও যথেষ্ট দেরিতে ছাড়ে। যার ফলে বিপাকে পড়তে হয় হাসনাবাদ শাখার রেল যাত্রীদের। সকাল থেকে একের পর এক ট্রেন লেটে চলায় সমস্যায় পড়েন অফিস যাত্রীরাও।

তৃণমূলের দুই গোষ্ঠীর লড়াই, আহত ১

দুরন্ত বার্তা, বাসন্তী, ২৫ জানুয়ারি : ফের তৃণমূলের দুই গোষ্ঠীর মধ্যে সংঘর্ষে গুরুতর জখম হলেন এক যুব তৃণমূল কর্মী। আহতের নাম মোরসেলিম শেখ। মঙ্গলবার সন্ধ্যায় ঘটনাটি ঘটেছে বাসন্তীর আমঝাড়া গ্রামে পঞ্চায়েতের টিউ বাজারে। বাটির সামনেই একটি চায়ের দোকানে বসে চা খাওয়ার সময় আচমকা এলাকার তৃণমূল নেতা আজাদ কয়ালের অনুগামীরা তার উপর চড়াও হয়ে ধেখড়ক মারধর করে বলে অভিযোগ। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়ালে বাসন্তী থানার পুলিশ ঘটনাস্থলে এসে পরিষ্কৃতি সামাল দেয়। পাশাপাশি গুরুতর জখম অবস্থায় ওই যুব তৃণমূল কর্মীকে উদ্ধার করে ক্যানিং মহকুমা হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে। এ বিষয়ে বুধবার বিকেলে বাসন্তী থানায় অভিযোগ দায়ের হয়েছে। অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্ত শুরু করেছে বাসন্তী থানার পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, গত রবিবার বাসন্তীতে তৃণমূলের একটি সভা ছিল। বিধায়ক শ্যামল মন্ডলের সেই সভায় যুব তৃণমূল কর্মীরা ডাক পাননি বলে তারা কলতলা এলাকায় রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যর গাড়ি আটকে বিক্ষোভও দেখিয়েছিলেন। সেই ঘটনাকে কেন্দ্র করেই গত কয়েকদিন ধরে বাসন্তীতে নতুন করে তৃণমূলের দুই গোষ্ঠীর মধ্যে মারামারি, সংঘর্ষ চলছে। একদিকে যেমন মাদার তৃণমূল কর্মীদের উপর হামলার অভিযোগ উঠেছে যুব তৃণমূলের বিরুদ্ধে। তেমনি পাট্টা যুব তৃণমূলেরও অভিযোগ রয়েছে মাদার গোষ্ঠীর বিরুদ্ধে। এদিন যুব তৃণমূল কর্মী মোরসেলিমকে আচমকাই কয়েকজন যুবক লাঠি, রড দিয়ে মারধর করে। কেনে সেদিন চন্দ্রিমা ভট্টাচার্যের গাড়ির সামনে বিক্ষোভ দেখিয়েছে সে সেই অভিযোগ ভুলে মারধর করা হয়। হাসপাতালের বিছানায় শুয়ে আক্রান্ত ওই যুব তৃণমূল কর্মী বলেন, আমি এলাকায় বাবলু কাস্তুরের সাথে যুব তৃণমূল দলটা করি। আর সেই কারণেই আজাদ কয়াল ও তার লোকেরা আমাকে মারধর করেছে। এদিন সকালেও আমাদের তিনজন যুব তৃণমূল কর্মীকে মেরেছে। আমি সকালে বাজারে আসিনি। সন্ধ্যায় চা খেতে এলে আমার উপর হামলা চালায়। যদিও এই অভিযোগ অস্বীকার করেছেন এলাকার তৃণমূল নেতা আজাদ কয়াল। তিনি বলেন, এই অভিযোগ সম্পূর্ণ মিথ্যা। গত ২২ তারিখে যে মিটিং ছিল সেখানে আমরা যাচ্ছিলাম বাইক ও গাড়িতে চেপে। সেই মিটিংয়ে যাওয়ার সময় আমাদের উপর হামলা হয়। বাইকের চাবিও কেঁড়ে নেয়। মোরসেলিম একজন মাতাল, কি কারণে সে আহত হয়েছে সেটা জানা নেই। ওর অভিযোগ মিথ্যা। বিধায়ক বলেন, রাজনৈতিক বিবাদে জেলে এ ধরনের ঘটনা ঘটেছে বলে জানা নেই। পুলিশ তদন্ত করে সভা উদ্ঘাটন করুক।

মোটর বাইকের ধাক্কায় গুরুতর জখম স্কুল শিক্ষক

দুরন্ত বার্তা, ঝড়খালি,২৫ জানুয়ারি : মোটর বাইকের ধাক্কায় গুরুতর জখম হলেন এক স্কুল শিক্ষক। আহতের নাম গিরিশ নন্দর। বুধবার দুপুরে ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার ঝড়খালি কোস্টাল থানার নেতাজী নগরে। এদিন তিনি টিউশনির পড়িয়ে সাইকেলে চেপে বাড়ি ফিরছিলেন, ঠিক তখন উল্টোদিক থেকে একটি বাইক সজারে এসে তাঁকে ধাক্কা মারলে রাস্তার পাশে ছিটকে পড়েন। ঘটনায় গুরুতর জখম হলে স্থানীয়রা তাকে উদ্ধার করে বাসন্তী ব্লক গ্রামীণ হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করেন। সেখানে অবস্থার অবনতি হলে তাকে ক্যানিং মহকুমা হাসপাতালে চিকিৎসার জন্য স্থানান্তরিত করা হয়।

করে।পৃথিবীতে তুমি একটি নদীরূপে প্রকাশিত হও।

সরস্বতী শব্দটি ‘সার’ এবং ‘স্ব’ দুটি শব্দের সমন্বয়ে গঠিত। সেই অনুসারে সরস্বতী শব্দের অর্থ ঘনিি কারো মধ্যে সারজ্ঞান



প্রকাশ করেন। আবার সরস্বতী শব্দটি সংস্কৃত ‘সুরস বতি’ শব্দ থেকে এসেছে যার অর্থ হচ্ছে জলের আধার। সরস্বতী সাক্ষাৎ দেবী মূর্তি এবং নদীদুইরূপেই প্রকটিত। ঋগবেদে(২৪১১৬) বর্ণনা করা হয়েছে অতিতম্বে নদীতম্বে সরস্বতী। অগ্রশস্তা ইব শ্মসি প্রশস্তিমধ নক্ষ্ধি।। অর্থাৎ মাতৃগণের মধ্যে শ্রেষ্ঠ, নদীগণের মধ্যে শ্রেষ্ঠ, দেবীগণের মধ্যে শ্রেষ্ঠ হে সরস্বতী, আমরা অসমুদ্রের ন্যায় রয়েছি, আমাদের সমুদ্রশালী করো। সরস্বতী দেবী জ্ঞান, সঙ্গীত, কলা এবং বিদ্যার দেবী। দেবী সরস্বতী প্রশ্ন করলেন হে বিধাতা, আপনি বললেন, আমি সবার জিজ্ঞাতে অবস্থান করবো আবার বললেন, নদীরূপে থাকবো। এর ব্যাখ্যা কী? ব্রহ্মা বললেনসরস্বতী তুমি যখন লোকের জিজ্ঞাতে অবস্থান করবে, তখন লোকের জিজ্ঞা থেকে বাকশক্তি হবে। তাই তোমার নাম বাকদেবী। তুমি আমার মুখ থেকেই প্রকাশিত। তুমি পবিত্রবতী। জগৎসংসারে বহু অপবিত্র মানসিকতা সম্পন্ন জীব থাকবে, অপবিত্র মানুষের জিজ্ঞায় কদর্ঘ বাক্য ক্ষুরিত হবে, সেসব জিজ্ঞাতে তুমি অবস্থান করে সুখি হতে পারবে না। বলা হয়েছে, হে সরস্বতী, তুমি সাক্ষাৎ বুদ্ধিধ্বরাণী। তুমি বলো, কোথায় তুমি আনন্দ লাভ করবে? সরস্বতী বললেনযে সমস্ত ব্যক্তি পুরুষ সুন্দর পরমেশ্বর

পূজোতে অঞ্জলি দেওয়ার অনুমতি নেই পার্থ সহ অন্য শিক্ষাকর্তাদের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ জানুয়ারি : দুর্গাপূজোর পর এবার সরস্বতী পূজোর অনুষ্ঠান থেকে একটি দুর্দেই রাখা হচ্ছে জেলবন্দি প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়সহ অন্য শিক্ষাকর্তাদের। জেল কর্তৃপক্ষ জানিয়ে দিয়েছে, পূজোর জায়গায় তাদের অঞ্জলি দিতে দেওয়া যাবে না। প্রতি বছরের মতো এবারও প্রেসিডেন্সি সংশোধনাগারের গ্রন্থাগারে আয়োজন করা হচ্ছে সরস্বতী পূজোর। বিচারাধীন এবং সাজাপ্রাপ্ত বন্দিরাই ওই পূজো করেন। এ বছর পূজোয় পুরোহিত হিসাবে থাকছেন জয়ন্ত চক্রবর্তী নামে ব্যাক্ত প্রতারণার মামলায় বিচারাধীন এক বন্দি। জেল সূত্রের খবর, নিরাপত্তাজনিত কারণেই পূজোতে অঞ্জলি দেওয়ার অনুমতি পাননি পার্থসহ অন্য শিক্ষাকর্তারা। প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ ও প্রাথমিক শিক্ষা পর্ষদের অপসারিত সভাপতি মানিক ভট্টাচার্য রয়েছেন পহেলা বাইশ ওয়ার্ডে। আর, প্রাক্তন শিক্ষাকর্তা সুবীরেশ ভট্টাচার্য, শান্তিপ্রসাদ সিংহ,অশোক সাহা ও কল্যাণময় গঙ্গোপাধ্যায় রয়েছেন তেইশচুয়াঙ্গিথ ওয়ার্ডে। তাঁরা সকলেই অঞ্জলি দিতে চান পূজোয়। পহেলা বাইশ ও তেইশচুয়াঙ্গিথ ওয়ার্ড থেকে গ্রন্থাগারের দুরূহ প্রায় ৩০০ মিটার। মাঝখানে পড়ে



সমস্যা। কারারক্ষীদের একাংশ জানিয়েছেন, অনেক বন্দিই পার্থবাবুদের উপরে ক্ষু্ধা। ওই বন্দিদের মতে, পার্থবাবুকে জেলে বিশেষ সুবিধা দেওয়া হয়। এর আগে অনেক বার বন্দিরা তাঁকে লক্ষ্য কর কটুক্তি করেছেন। সরস্বতী পূজোয় সময়ে অনেক বন্দিই গ্রন্থাগারে হাজির থাকবেন। সেখানে পার্থবাবুসহ শিক্ষাকর্তাদের নিয়ে

কারণেই পার্থবাবুসহ অন্য শিক্ষাকর্তাদের সরস্বতী পূজোয় অঞ্জলি দেওয়ার ইচ্ছে অধরাই থেকে যাচ্ছে। যদিও পূজোর জন্য জেল কর্তৃপক্ষ যে বিশেষ খাবারের আয়োজন করেছে, তা থেকে বঞ্চিত হবেন না পার্থবাবুরা। প্রসঙ্গত, নিরাপত্তার কারণেই দুর্গাপূজোর সময় পঞ্চমীর দিন পূজো প্রাঙ্গণে থাকা সম্ভব হয়নি পার্থরা।

মেয়ের শ্রীলতাহানির প্রতিবাদ করায় রোমিওদের হাতে বাবার মৃত্যু

দুরন্ত বার্তা, হাওড়া, ২৫ জানুয়ারি : মেয়ের শ্রীলতাহানির প্রতিবাদ করায় রোমিওদের মারে মৃত্যু বাবার, শ্যামপুরের গোবিন্দপুর গ্রামের ঘটনার প্রতিবাদে বিভিন্ন রাজনৈতিক দলের বিক্ষোভ কর্মসূচি রেপুটেশন, প্রতিবাদ।গত ২২শে জানুয়ারি সন্ধ্যায় দশম শ্রেণীর ছাত্রী টিউশনি পড়ে বাড়িতে আসার সময় রাস্তায় কয়েক জন তার শ্রীলতাহানির চেষ্টা করে এবং খবর পেয়ে ছটানস্থলে গিয়ে প্রতিবাদ করায় তাকে মারধর করা হয় এবং পরে নিকটবর্তী গ্রামীণ হাসপাতালে পাঠানো হয় সেখান থেকে উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে পাঠানো হয়

পরেরদিন উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে গনেশ মন্ডলের মৃত্যু হয়। এবিষয়ে পুলিশ এ বিষয়ে অভিযুক্ত ৩ জনকে পুলিশ গ্রেপ্তার করেছে বলে জানা গেছে।দোষীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থার দাবিতে বিজেপির শ্যামপুর শাখার উদ্যোগে শ্যামপুর থানায় ডেপুটেশন ও থানার সামনে বিক্ষোভ কর্মসূচি পালন করেন। বিজেপির কর্মীরা শ্যামপুর বাসস্ট্যান্ড থেকে মিছিল করে থানায় আসেন থানায় ভোটার

মুখে পুলিশ গার্ডরেল দিয়ে আটকে দেয় ফলে বিজেপি কর্মীদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তি হয় এবং কর্মীরা



থানার সামনে বসে পড়েন, বিজেপির প্রতিনিধি দল থানায় গিয়ে ডেপুটেশন দেয়। অপারদিকে দোষীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থার দাবিতে শ্যামপুর ২নং কংগ্রেসের উদ্যোগে অনুষ্ঠিত হলো প্রতিবাদ মিছিল পথ অবরোধ, শ্যামপুরের শশাণ্টিতে। মিছিলে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস নেতা অসিত মিত্র,শ্যামপুর ২কংগ্রেসের সভাপতি অভিয়ার রহমান খান,মানস বারিক, আবুল কালাম নাজির,সমর রায়চৌধুরী প্রমুখ।

এ বিষয়ে শ্যামপুর থানায় গিয়ে কথা বলেন। এস ইউ সি আইয়ের পক্ষ হতেও বিক্ষোভ কর্মসূচি পালন করা হয়। রাজনৈতিক দলগুলোর পক্ষ থেকে পুলিশকে বলা হয় তারা যত তাড়াতাড়ি সম্ভব দোষীদের গ্রেপ্তার করতে। পুলিশ ইতিমধ্যেই তিনজনকে গ্রেপ্তার করেছে। তবে আরও অনেকে এর চেপ্তেন রয়েছে তারা অভিযোগ করেছে। এর পাশাপাশি তারা মৃত ব্যক্তির পরিবারকে আর্থিক সহায়তার প্রস্তাবও বিবেচনা করতে বলেছে বলে শুনতে পাওয়া গিয়েছে।

শ্যামপুরের ঘটনার কড়া নিন্দা করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি তুললেন অরূপ রায়

দুরন্ত বার্তা, হাওড়া, ২৫ জানুয়ারি : হাওড়ার শ্যামপুরের ঘটনার কড়া নিন্দা করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি তুললেন রাজ্যের সমবায় মন্ত্রী অরূপ রায়। বুধবার বিকেলে হাওড়া বইমেলার উদ্বোধন করতে এসে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এমনই কথা বলেন তিনি। হাওড়ার শ্যামপুরের ঘটনা নিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অরূপ রায় বলেন, এটা অত্যন্ত নিন্দনীয় ঘটনা। অভিযুক্তদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি। গত ৩৪ বছরে বহু ঘটনা ঘটেছে। ঘটনা ঘটছে। সারা পশ্চিমবংলায় যত পুলিশ বাহিনী আছে তাদের একার পক্ষে প্রত্যেক গ্রামে গ্রামে প্রত্যেক পাড়ায় পাড়ায় গ্রামের ভিতরে কোথায় কি হচ্ছে তা জানা সম্ভব নয়। এটা আমাদের যুব সমাজকেই দায়িত্ব নিতে হবে পাড়ায় পাড়ায় বোনোদেরকে দক্ষা করা। শ্যামপুরের ঘটনায় অভিযুক্তরা প্রেফতার হয়েছে। এই ঘটনার তীব্র নিন্দা করছি। এই ধরনের ঘটনাকে বরাদ্দ করা হবেনা। রাজ্যপাল রাজ্য সরকারের জেরক্স মেশিন হয়ে গিয়েছে বলে বিজেপি সাংসদ স্বপন দাসগুপ্ত যে মন্তব্য

সংবাদমাধ্যমে করেছেন তা নিয়ে প্রশ্ন করা হলে অরূপ রায় বলেন,আমরা তো রাজ্যপালকে পাঠাইনি। রাজ্যপালকে রাস্ত্রপতি নিয়োগ



করেছেন। দিল্লি থেকে ওনাকে পাঠানো হয়েছে। রাজ্যপালের দায়িত্ব হচ্ছে রাজ্য সরকারকে সহযোগিতা করা। উনি সেটাই করছেন। উনি যদি সেটা করে থাকেন সেটা অন্যা্য কোথায় করছেন? অন্যা্য তো কিছু করেননি তিনি। প্রসঙ্গত, এদিন হাওড়া বইমেলার শুভ সূচনা হয়। বুধবার বিকেলে শরৎ সন্দন প্রান্তনে হাওড়া বইমেলার সূচনা করেন

উদ্বোধনে অন্যান্যাদের মধ্যে উপস্থিত ছিলেন হাওড়ার জেলাশাসক মুক্তা আর্থ, পুলিশ কমিশনার প্রবীণ কুমার ত্রিাশিঠী, হাওড়া পুরসভার প্রশাসকমন্ডলীর চেয়ারম্যান ডাঃ সুজয় চক্রবর্তী, বিধায়ক কল্যাণ ঘোষ, সমীর পাঁজা, প্রিয়া পাল, মেলা কমিটির তরফে উপস্থিত ছিলেন শ্যামল মিত্র, সুশোভন চট্টোপাধ্যায়।

১৭ বছর বয়স হলেই ভোটার হওয়ার জন্য আগাম আবেদন মঞ্জুর

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ জানুয়ারি : ১৮ নয়, এ বার ১৭ বছর বয়স হলেই ভোটার তালিকায় নাম নথিভুক্ত করতে আবেদন করা যাবে। ১৩তম জাতীয় ভোটের দিবসে ঘোষণা করল নির্বাচন কমিশন। বুধবার কলকাতায় ন্যাশনাল লাইব্রেরিতে ভোটার দিগস পালনের অনুষ্ঠানে এ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অরিজ আফতার জানান, নতুন ভোটাভাদের জন্য প্রাক নথিভুক্তিকরণ শুরু করা হয়েছে। ১৭ বছর বয়স হলেই করা যাবে রেজিস্ট্রেশন। অর্থাৎ, ভোটাভা হওয়ার জন্য আগাম আবেদনের ব্যবস্থা শুরু করল কমিশন। এর ফলে ১৮ বছর হলেই আগাম আবেদনকারীরা ভোটার হয়ে যাবেন। নতুন ভোটাভাদের বাড়িতে পোস্ট অফিসের মাধ্যমে পৌঁছে যাবে ভোটার কার্ড। জাতীয় ভোটার দিবস উপলক্ষে এদিন দিনের নানা অনুষ্ঠান হল গোটা দেশে। অনুষ্ঠান হল পশ্চিমবঙ্গেও। জাতীয় ভোটার দিবস উপলক্ষে এদিন একটি সুসজ্জিত ট্যাবলোর উদ্বোধন

মাইকেল মধুসূদন দত্তের দ্বিশত জন্মদিবস উপলক্ষে শ্রদ্ধাঞ্জলি নববারাকপুর পুরসভার

দুরন্ত বার্তা, নিউবারাকপুর, ২৫ জানুয়ারি : উনিবিংশ শতাব্দীর অন্যতম শ্রেষ্ঠ কবি ও নাট্যকার মাইকেল মধুসূদন দত্তের দ্বিশত জন্মদিবস উপলক্ষে বুধবার সকালে নববারাকপুর পুরসভার উদ্যোগে শ্রদ্ধাঞ্জলি জানাল ৮নং ওয়ার্ডে মাইকেল উদ্যানে। মাইকেল মধুসূদন দত্তের মর্মর মূর্তিতে মালা ও ফুল দিয়ে শ্রদ্ধা জানান পুরসভার চেয়ারম্যান প্রবীর সাহা, পুর প্রতিনিধি

শিক্ষিকা শোভা রায়, ডাঃ পংকজ কুমার অধিকারী,পুর প্রতিনিধি সুমন দে, শিক্ষক সমীর বন্দ্যোপাধ্যায়, ডাঃ অসিত চৌধুরী। পুরপ্রধান প্রবীর সাহা বলেন মুখ্যমন্ত্রী মমতা উদ্যোগে শ্রদ্ধাঞ্জলি জানাল ৮নং ওয়ার্ডে মাইকেল উদ্যানে। মাইকেল মধুসূদন দত্তের মর্মর মূর্তিতে মালা ও ফুল দিয়ে শ্রদ্ধা জানান পুরসভার চেয়ারম্যান প্রবীর সাহা, পুর প্রতিনিধি

অন্যতম পুরোধা কবি ও নাট্যকার মাইকেল মধুসূদন দত্তের দ্বিশত জন্মবার্ষিকীতে বিনশ্র শ্রদ্ধাঞ্জলি জানাল হল তারা মর্মর মূর্তিতে মালা ও ফুল দিয়ে।অমহান মনীষিকে শ্রদ্ধা জানাতে পেরে নিজেরা সৌরবান্বিত হলম।আগামী প্রজন্মের কাছে দেশবন্ধু চিত্তরঞ্জন, বঙ্কিমচন্দ্র, শরৎচন্দ্র, মাইকেল মধুসূদন দত্তের মতো মনীষিদের আদর্শ চিন্তাধারা ভাবধারা ছড়িয়ে দিতে পারলে সমাজ উপকৃত ও উন্নীত হবে।

আদিগঙ্গা সংস্কারের কাজ শেষ করতে হবে ২০২৫-এ

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ জানুয়ারি : আগামী ২০২৫ সালের ৩০ শে সেপ্টেম্বরের মধ্যে আদিগঙ্গা সংস্কারের কাজ শেষ করতে হবে বলে কেন্দ্রীয় পরিবেশ আদালত নির্দেশ দিয়েছে। নমামি গঙ্গে প্রকল্পে এই সংস্কারের কাজ শেষ করে ওই বছরের ১৫ই অক্টোবর এর মধ্যে তার রিপোর্ট জমা দিতে হবে বলে জানিয়ে আদালতের তরফে রাজ্য সরকার, কলকাতা পুরসভা, কলকাতা মেট্রোপলিটন ডেভলপমেন্ট অথরিটি, রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ এবং হিডকো কে নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি আদি গঙ্গার পাশে আবর্জনা ফেলা, ঘাটাল তৈরি, জ্বরদখল ঠেকাতে রাজ্যের তরফে কি পদক্ষেপ নেওয়া হয়েছে মুখ্যসচিব কে সেটি রিপোর্ট আকারে জমা দিতে হবে বলে জানানো হয়েছে।

মেট্রোয় পরীক্ষা মূলক ট্রেন

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ জানুয়ারি : মেট্রো রেল কবি সুভাষকবির মধ্যে অরেন্জ লাইনে আজ আরও এক দফায় পরীক্ষামূলক ভাবে ট্রেন চালিয়েছে। পাঁচ দশমিক চার কিলোমিটার দীর্ঘ এই যাত্রাপথে পাঁচটি স্টেশনের মধ্যে যাত্রীবাহি ট্রেন চালানোর জন্য আগামী ৩০ তারিখে কমিশনার অফ রেলওয়ে সেক্ফটির এই লাইনটি পরিদর্শন করার কথা রয়েছে বলে মেট্রো রেল সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য এর আগে গত ২৪ সেপ্টেম্বর এই লাইনে পরীক্ষামূলক ভাবে ট্রেন চালানো হয়েছিল।



প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে প্রদীপ জ্বালাচ্ছেন উত্তর পূর্ব রেলের মহাব্যবস্থাপক, শ্রী চন্দ্র বীর রমন এবং উত্তর পূর্ব রেলওয়ে মহিলা কল্যাণ সংস্থার সভাপতি শ্রীমতি শিবানী সিং ।

গরু পাচারচক্রের তদন্তে সিউড়ির কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কে সিবিআই

দুরন্ত বার্তা, বীরভূম, ২৫ জানুয়ারি : গরুপাচার কাণ্ডে আবারও বীরভূমে হানা কেন্দ্রীয় তদন্তকারী সংস্থারা। বুধবার বীরভূমের সিউড়ি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে হানা দেয় সিবিআইয়ের গরুপাচার কাণ্ডের তদন্তকারী অফিসার সহ একটি বিশেষ দল। পাশাপাশি এদিন সিউড়ির পুরন্দপুরের হরিপুর গ্রামেও যান সিবিআই আধিকারিকরা।



সূত্রের খবর, পুরন্দপুরের হরিপুর গ্রামে গিয়ে বেশকিছু তথ্য সংগ্রহ করছে সিবিআই। এই অ্যাকাউন্টের মধ্যে দিয়ে গরু পাচারের কালো টাকা সাদা করা হয়েছে বলে দাবি সিবিআইয়ের। এ ঘটনায় অনুরতবরও যোগ রয়েছে বলে দাবি কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার। এর আগেও, ওই ব্যাঙ্কে অভিযান চালিয়েছিল সিবিআই। সে বার ১৭৭টি ভুয়ো অ্যাকাউন্টের হদিশ পাওয়া গিয়েছিল বলে দাবি করেছিলেন তদন্তকারীরা। সিবিআইয়ের দাবি, ওই ব্যাঙ্কে বেনামে আরও অনেক অ্যাকাউন্ট খোলা হয়েছে। তার তদন্তেই বুধবার ব্যাঙ্কে যায় সিবিআইয়ের একটি দল। তদন্তকারীরা জানতে পেরেছেন, ওই ব্যাঙ্কে আরও কিছু ভুয়ো অ্যাকাউন্ট রয়েছে। সেই তথ্য পেয়েই আবার ব্যাঙ্কে গিয়েছেন তদন্তকারীরা। বিভিন্ন নথি সংগ্রহ করেছেন তারা। সিবিআইয়ের দাবি, গ্রামবাসীদের নামে

ওই অ্যাকাউন্টগুলি রয়েছে। যাঁদের নামে অ্যাকাউন্ট রয়েছে, তাঁরা এই ব্যাপারে কিছুই জানেন না। এমন অনেকের নামেই অ্যাকাউন্ট রয়েছে, যারা সহী করতে পারেন না। বুধবার সমবায় ব্যাঙ্কে যাওয়ার পর পুরন্দরপুর এলাকার হরিপুর গ্রামে যান সিবিআই আধিকারিকরা। ওই গ্রামের বাসিন্দাদের একাংশের নামে অ্যাকাউন্ট রয়েছে বলে দাবি। যাঁদের নামে অ্যাকাউন্ট রয়েছে, তাঁরা এই অ্যাকাউন্টের বিষয়ে জানেন না। গ্রামবাসীদের দাবি, সরকারি

প্রকল্পের সুবিধা দেওয়ার জন্য তাঁদের কাছ থেকে আধার কার্ড, ভোটার কার্ড নেওয়া হয়েছিল। ভুয়ো অ্যাকাউন্টগুলি যাচাই করে তদন্তকারীরা দেখেছেন, যাঁদের নামে অ্যাকাউন্ট রয়েছে, তাঁদের আধার কার্ড, ভোটার কার্ডের তথ্যই একমাত্র মিলেছে। সিবিআইয়ের দাবি, গ্রামবাসীদের ভুল বুঝিয়ে তাদের কাছ থেকে আধার কার্ড, ভোটার কার্ডের মতো নথি নিয়ে ভুয়ো অ্যাকাউন্ট বানানো হয়েছে। গরু পাচার কার্যাবারের কালো টাকা সাদা করতেই এই ভুয়ো অ্যাকাউন্ট বানানো হয় বলে মনে করছেন তদন্তকারীরা।

জমি কবজা করলেও রাবীন্দ্রিক, উপাচার্যর বেনজির আক্রমণ অমর্ত্য সেনকে

দুরন্ত বার্তা, শান্তিনিকেতন, ২৫ জানুয়ারি : জমি কবজা করলেও রাবীন্দ্রিক, উপাচার্যর বেনজির আক্রমণ অমর্ত্য সেনকে। আর এই ঘটনায় বিতর্ক শুরু শান্তিনিকেতনে। বুধবার সাপ্তাহিক মন্দিরে বেনজির ভাবে অমর্ত্য সেনকে আক্রমণ করলেন বিশ্বভারতীর উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তী। বুধবার মন্দিরে ভাষণ দেওয়ার সময় ফের বিতর্ক উসকে দিলেন উপাচার্য । তিনি বলেন, অন্যের জমি কবজা করলেও রাবীন্দ্রিক বুধবার উপাসনা মন্দিরে অমর্ত্য সেনকে এভাবেই আক্রমণ করলেন উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তী। আর তারপরই বিতর্ক দানা বাঁধে বিভিন্ন মহলে। আশ্রমিক থেকে অধ্যাপকরা প্রতিবাদে মুখর হয়ে ওঠেন। বিশ্বভারতীর প্রাক্তন ভারপ্রাপ্ত উপাচার্য বরুণ কলি সেন বলেন, মন্দিরে মানুষ যায় মন উত্তরণের জন্য। উপাসনা গৃহ রাজনীতির কথা বলা বা শোনার জায়গা নয়। অধ্যাঘিকতা বাদ দিয়ে রাজনীতির কথায় উনি বেশি বলেন। একইভাবে এক অধ্যাপক বলেন, মন্দিরের অর্থ বোঝা উনার কন্ম নয়। উনি মন্দিরে যান কেন? উপাসনা গৃহ তো শান্তিনিকেতন ট্রাস্টের সম্পত্তি। বিশ্ববিদ্যালয়ের



মাধ্যমে সর্বেক্ষণ বিভাগ তার রক্ষণাবেক্ষণ করে ঠিকই । কিন্তু বর্তমান উপাচার্য তো ট্রাস্টের সদস্যও হয়ে চান নি। অথচ এতদিন পদাধিকার বলে ট্রাস্টের চেয়ারম্যান হবেন উপাচার্য। এদিন মন্দিরের অনুষ্ঠানে উপাচার্য বেশ কয়েকটি প্রশ্ন তোলেন। অ্যাকাউন্টের মনে মন্দিরের প্রাসঙ্গিকতা নিয়ে প্রশ্ন তুলে তিনি বলেন, আমরা কেন মন্দিরে আসি? শুধুই কি গান শুনতে আসি? অ্যাকাউন্টের মনে মন্দিরে আসি? গুরুদেবের মনে নিশয়ই কিছু একটা ছিল। তাহলে বুধবারে মন্দির কেন? মন্দির বলে কেন? সারা ভারতের মধ্যে মন্দিরে মূর্তি নেই কেন? এর সদুত্তর কেউ দেয় নি। তবে জানতে গেলে

গুরুদেবের আত্মজীবনী পড়তে হবে। আমি বরাবরই আপনাদের মন্দিরে আসতে বলি। বাধ্যতামূলক না করলে তো কেউ আসতেন না। আমি অন্যায় করলেও রাবীন্দ্রিক। জমি কবজা করলেও রাবীন্দ্রিক বা। উপাচার্যকে গালিগালাজ করলেও রাবীন্দ্রিক। অন্যদিকে, বিশ্বভারতীর চিঠি পেয়ে অমর্ত্য সেন জানান। তাঁর আইনজীবী যা ব্যবস্থা নেওয়ার নেনো। তিনি কিছু বলবেন না। বিশ্বভারতীতে ছাত্রছাত্রী সাপসেপনশন নিয়ে সরব হন নোবেলজয়ী। তিনি ছাত্রছাত্রী ও অধ্যাপকের প্রতিনিধির সাথে দেখা করতে রাজী হয়েছেন, এমন খবর জাগে বাংলায় প্রকাশিত হওয়ার পরই, অমর্ত্য সেন বিশ্বভারতীর জমি জবর দখলকারী প্রমাণ করতে সচেষ্ট হয়ে পড়ে। বুধবার একইভাবে মন্দিরের অনুষ্ঠানে ফের অমর্ত্য সেনকে নাম না করে পরোক্ষভাবে জমির কবজাকারী বলে উল্লেখ করলেন উপাচার্য। এদিন, বিশ্বভারতীর পড়ুয়া সোমনাথ সাউ রুখাল ম্যানেজমেন্ট বিভাগে স্নাতকোত্তর বিভাগে ভর্তি হন। সোমনাথ সাউ বলেন, বহু আইনী লড়াইয়ের মধ্য দিয়ে গিয়ে শেষ পর্যন্ত ভর্তি হতে পারলান।

মুর্শিদাবাদে গুলিবিদ্ধ তৃণমূল নেতার মৃত্যু, পুলিশ গ্রেফতার করল ৩ সন্দেহভাজনকে

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ২৫ জানুয়ারি : হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হল মুর্শিদাবাদের রানিনগরে গুলিবিদ্ধ তৃণমূল কংগ্রেস নেতার। মঙ্গলবার সন্ধ্যায় আলতাফ আলি নামে ওই তৃণমূল নেতাকে গুলি করেছিল দুষ্কৃতীরা। তাঁকে ভর্তি করানো হয়েছিল মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে। বুধবার সকাল ৬টা নাগাদ তাঁর মৃত্যু হয়েছে। ওই কাণ্ডে ইতিমধ্যে ৬ জনকে গ্রেফতার করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। আলতাফকে গুলি করার অভিযোগে ইসলামপুর থানার পুলিশ গ্রেফতার করেছে সফিয়ার শেখ, ফিরোজ শেখ এবং জিএম শেখ নামে ৩ জনকে। ৬ জনই মুর্শিদাবাদের ইসলামপুর থানার মোহনপুর গ্রামের বাসিন্দা। মঙ্গলবার রাতেরই তল্লাশি

চালিয়ে তাঁদের গ্রেফতার করেছে পুলিশ। কী কারণে তাঁরা আলতাফের উপর হামলা চালিয়েছিল তা খতিয়ে দেখা হচ্ছে। জেরা করা হচ্ছে ধৃতদের। পুলিশ সূত্রের খবর, মঙ্গলবার সন্ধ্যায় কাজ সেরে বাড়ি ফিরছিলেন ওই তৃণমূল কংগ্রেস নেতা। সেই সময় মুর্শিদাবাদের আজিমসরা এলাকায় জনা কয়েক দুক্কতী তাঁকে লক্ষ্য করে গুলি চালায়। গুরুতর জখম হয়ে রাস্তায় পড়ে যান তৃণমূল নেতা। তাঁকে উদ্ধার করেন স্থানীয়রা। প্রথমক আলতাফকে ভর্তি করানো হয়েছিল জালাবাগ মহকুমা হাসপাতালে। কিন্তু পরে তাঁর শারীরিক পরিস্থিতির অবনতি হওয়ায় স্থানান্তরিত করা হয় মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে। বুধবার সকালে মৃত্যু হয় তাঁর।

বাঁকুড়ায় পুলিশের জালে চার প্রতারক

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ২৫ জানুয়ারি : চাকরির লোভে দিয়েয়ে মোটি টাকা প্রতারণার অভিযোগে উত্তর ২৪ পরগনা থেকে চার প্রতারককে গ্রেফতার করেছে। ধৃতদের বুধবার বাঁকুড়া আদালতে তোলা হবে বিচারক তাদের পুলিশ ফেরারতের নির্দেশ দিয়েছেন। বাঁকুড়ার ডিএসপি (ডি এন্ড টি) সুপ্রকাশ দাস জানান, প্রতারকরা বিভিন্ন পঞ্চায়েতের প্রধান ও উপপ্রধানদের ফোন করে নিজেকে সংশ্লিষ্ট ব্লকের জয়েন্ট বিডিও পরিচয় দিয়ে ব্লকে একাধিক শূন্যপদে চাকরির প্রস্তাব দিত । সেই টোপ গিলে কয়েক লক্ষ টাকা খোয়া গিয়েছিল অনেক প্রাম পঞ্চায়েতের প্রধান, উপ প্রধান ও তাঁদের ঘনিষ্ঠদের। তিনি বলেন, গত ১৬ ও ১৭ জানুয়ারি ওন্দা ব্লকের কলাগী পঞ্চায়েত ও বেলিয়াতোড় থানার পিরারবনি পঞ্চায়েতের উপপ্রধানদের ফোন করে ১ লাখ ৬০ হাজার ও

৪৭ হাজার টাকা তাদের একাউন্টে জমা করতে বলে। সেই মত তারা টাকা জমা দেন। পরে প্রতারণার ছক বুঝতে পেরে তারা ওন্দা থানা ও বাঁকুড়া সাইবার ক্রাইম থানায় অভিযোগ করেন। তারপর পুলিশ ফোনের কল লিস্ট ধরে তাদের চিহ্নিত করে গ্রেফতার করে। এই পর্যন্ত বাঁকুড়া সাইবার পুলিশের জালে ধরা পড়ল সেই প্রতারক চক্রের চার পাভা। বিশেষ অভিযান চালিয়ে গতকাল রাতে উত্তর ২৪ পরগনার বাসিন্দা ওই চার প্রতারককে গ্রেফতার করেছে বাঁকুড়া সাইবার থানার পুলিশ। জানা গেছে প্রতারকরা সংশ্লিষ্ট ওন্দা ও বড়জোড়া ব্লকে অশ্লী কন্নী ও আইসিডিএস সহ একাধিক শূন্যপদে ক্রত নিয়োগ করা হবে বলে জানায়। উপ প্রধানদের অবলম্বন বা পরিচিত কেউ ইচ্ছুক থাকলে ক্রত তাঁর সাথে যোগাযোগ করতে বলা হয়। এরপর

কল্যাণী গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান ও পিরারবনি গ্রাম পঞ্চায়েতের উপপ্রধানের মাধ্যমে তিন জন যুবক পৃথক পৃথক ভাবে অজানা ওই মোবাইল নম্বরে যোগাযোগ করলে নিয়োগের জন্য নির্দিষ্ট অফিসের টাকার ফোনে পল- র মাধ্যমে পাঠাতে বলা হয়। প্রতারকদের কথামতো ৬ জন পৃথক পৃথক ভাবে সর্বমোট ২ লক্ষ ৭ হাজার টাকা নির্দিষ্ট ফোন কে একাউন্টে পাঠিয়ে দেন। ৬ জনকেই ট্রাকের ভিডিও অফিসে ওয়াক এন্ড ইন্টারভিউয়ে হাজির হওয়ার জন্য। পরের দিন তিনজন সংশ্লিষ্ট বিডিও অফিসগুলিতে গেলে বুঝতে পারেন তাঁরা প্রতারণার শিকার হয়েছেন। পুলিশের দাবি এই চক্রের আরো বেশ কয়েকজন যুক্ত রয়েছে। তাদের খোঁজে তল্লাশি চলছে। ধৃতরা তাদের বিরুদ্ধে ওভা অভিযোগ অস্বীকার করেছে।

মোবাইল নিয়ে ভাইবোনের অশান্তিতে আত্মঘাতী কিশোরী

দুরন্ত বার্তা, বর্ধমান, ২৫ জানুয়ারি : ভাই বোনে মোবাইল নিয়ে বগড়া হওয়ায় মায়ের বকুনিতে অভিমানে বিধ পাান করে আত্মঘাতী ছক নবম শ্রেণীর ছাত্রী। ঘটনাটি ঘটেছে মঙ্গলবার রাতে পূর্ব বর্ধমান জেলার মন্তেশপুরে লোহার গ্রামে। মন্তেশপুরে লোহার গ্রামে লক্ষী ঘোড়ুই নামে ওই কিশোরী মোবাইল নিয়ে ভাই বোনের মধ্যে বগড়া হওয়ায় মা লক্ষ্মী কে বকুনি দেওয়ায় অভিমানে বাড়িতে বিষ পান করে। বিষয়টি পরিবারে অনান্য সদস্যরা জানতে পেরে তড়িঘড়ি মন্তেশপুর ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসে চিকিৎসার জন্য প্রাথমিক চিকিৎসা পর স্বাস্থ্যের অবনতি দেখে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসক। এদিন সন্ধ্যায় সুস্থতা বেধ করায় বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতাল থেকে বাবা ছাড় নিয়ে বাড়ি নিয়ে আসছিল লক্ষীকে। আসার সময় রাস্তাতেই অসুস্থতাবোধ করায় মন্তেশপুর ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসে লক্ষীকে। মন্তেশপুর ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে কর্তব্যরত চিকিৎসক দেখে মৃত বলে ঘোষণা করেন। পরিবার সূত্রে জানা যায় লক্ষী মন্তেশপুর স্বাতীকর বালিকা বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্রী। মন্তেশপুর থানার পুলিশ খবর পেয়ে মৃতদেহ থানায় নিয়ে যায় এই ঘটনায় পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

দালাল চক্রের পর্দা ফাঁস, পাট বোঝাই করতে আসা ট্রাক থেকে উদ্ধার প্রচুর ভর্তি জলের জার ও লোহার বল

দুরন্ত বার্তা, মালদা, ২৫ জানুয়ারি : বড়-সড় দালাল চক্রের পর্দা ফাঁস। পাট বোঝাই করে কলকাতার জুট মিলে নিয়ে যাওয়ার জন্য এসেছিল ট্রাক। সেই ট্রাক থেকে উদ্ধার প্রায় তিন কুইন্টাল মাল। যার মধ্যে রয়েছে জলের জার এবং লোহার বল। ধর্মকাটা ওজন করতে গিয়ে ধরা পড়ে ট্রাকটিঘটনা সামনে আসতেই চাঞ্চল্য ব্যবসায়ী মহলে। এই ভাবে অসাধু দালালদের মাধ্যমে ওজন ফাঁকি দিলে বড় ক্ষতির সম্মুখীন হতে হবে ব্যবসায়ীদের। দালাল চক্রের সঙ্গে জড়িতদের শাস্তির দাবি ব্যবসায়ীদের। বুধবার বিকেলে মালদা জেলার হরিশ্চন্দপুরে এক পাট ব্যবসায়ী তনুজ জৈনের দ্বাকামে পাট নিতে আসে একটি ট্রাকা। পাট বোঝাই করে কলকাতার জুট মিলে নিয়ে যেত ট্রাকটি। কিন্তু তার আগেই পর্দাফাঁস। হরিশ্চন্দপুর চোকার মুখে গোপাল কেতিয়া মোড়ের কাছে ধাঁক কাটায় যখন ওজন করানোর জন্য যায় ট্রাকটি। তখন ধর্মকাটা কর্তৃপক্ষ দেখতে পান ট্রাকের ভেতরে প্রায়ই ৯ থেকে ১০টি ভর্তি জলের জার রয়েছে। যার এক একটি

ওজন প্রায় ২৫ থেকে ৬০ কেজি। এছাড়াও রয়েছে ২০ থেকে ২৫ টি লোহার বল। যার ওজন প্রায় ২ কেজি। ট্রাকটিকে আটকে দেয় ধর্মকাটা কর্তৃপক্ষ। খোঁজ দেওয়া হয় ব্যবসায়ীদের। ট্রাকের চালক মারফত জানা যায় তাকে পাঠিয়ে ছিল বেসরকারি পরিবহন সংস্থার সুকুমার দাস। ট্রাকের ভেতরে এই মাল পত্র রাখা ছিল সেটা চালক জানতো না। এই ভাবে ট্রাকের ভেতরে ভারী জিনিসপত্র রেখে ওজন ফাঁকি দেওয়ার চেষ্টা করে দালালরা। ফলে ব্যবসায়ীদের অনেকটা লোকসান হয়। প্রশ্ন উঠেছে এরকম চলতে থাকলে ব্যবসায়ীদের কি অবস্থা হবে। জানা গেছে ব্যবসায়ীদের এই ভাবে প্রায় দুই থেকে তিন বার পাটের লোকসান হত। হরিশ্চন্দপুর থানার আইসি দেওদত্ত গজমের জানিয়েছেন অভিযোগ পেলে গোটা ঘটনাটি খতিয়ে দেখা হবে। ট্রাকের চালক রিপন শেখ বলেন, আমি জানতাম তিনটা জলের জার রয়েছে এতগুলো যে ছিল আমি জানতাম না। কে রেখেছে এগুলো আমি জানি

কালনায় বড় উৎসব সরস্বতী পুজো, তুঙ্গে শেষ মুহূর্তের প্রস্তুতি

দুরন্ত বার্তা, পূর্ব বর্ধমান, ২৫ জানুয়ারি : দুর্গা পূজোর থেকেও বড় উৎসব কালনাবাসীর কাছে সরস্বতী পুজো। সরস্বতী পুজোর প্রস্তুতিকে কেন্দ্র করে মেতে উঠেছে কালনা শহরবাসী। রাজ্যে এই একমাত্র শহর যেখানে লক্ষ লক্ষ টাকার বাজেটের পুজো হয়। কটোর নিরাপত্তা ব্যবস্থায় মুড়ে ফেলা হয়েছে কালনা শহরকে। সরকারি মতে ৭৬ টি বড় পুজো, বেসরকারি মতে প্রায় দেড়শোরও বেশি পুজো হয় কালনায়। বাগদেবীর আরাধনার দিন গোনা শুরু হয় পুজোর শেষ দিন থেকে। কালনা শহরে দুর্গাপূজার থেকেও বড় উৎসব সরস্বতী পুজো। এই শহরে লক্ষ লক্ষ টাকা বাজেটের পুজো হয়। কোথাও খবরের কাগজ, কোথাও ফেলে দেওয়া জিনিস, কোথাও বর্শ দিয়ে তৈরি হয়েছে মণ্ডপ। হারিয়ে যাওয়া শিল্পকে থিমেদ মাধ্যমে তুলে ধরেছেন কালনার বিভিন্ন ক্লাবকর্তা। ৭৬ টি বড় পুজের মধ্যে বেশিরভাগই থিমের পুজো। মঙ্গলবার রাতে সরস্বতী পুজোর গাইড মা্য প্রকাশ ও একটি পুজোর উদ্বোধন করেন পূর্ব বর্ধমান জেলা পুলিশ সুপার কামনাশিস সেন। দীর্ঘ দু’বছর করোনা আবহাওয়া কাটিয়ে এবছর মেতে উঠেছে কালনা রাজবাড়ি মাঠ সংলগ্ন এই ক্লাবের প্রথম পুজো শুরু করল। এই পুজোর উদ্বোধন করেন জেলার পুলিশ সুপার। নিরাপত্তা ব্যবস্থা আটসাঁট করা হয়েছে। ৬০০ পুলিশ মোতায়েন থাকছে, ১৩৫ টি সিসি ক্যামেরা। চলবে ড্রোনের সাহায্যে নজরদারী। সীমান্তবর্তী জেলা নদীয়া, সেই কারণে টহরদারী চলবে জলপথে। এককথায় কালনার সরস্বতী পুজো থিরে শহরবাসীর উদ্দামানাকে সামনে রেখে নিরাপত্তার বলয়ে মুড়ে ফেলা হয়েছে শহরকে।

মাথাভাঙ্গায় যাত্রীবাহী বাস ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষ, জখম ১০

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৫ জানুয়ারি : মাথাভাঙ্গা কোচবিহার ১৬ নম্বর রাজা সড়কের মানসাই নদীর পঞ্চান সেতু সংলগ্ন কাঁলিবাড়ি এলাকায় সাতসকালে যাত্রীবাহী বাস ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষ হয়। দুর্ঘটনায় গুরুতর জখম ১০ জন বাস যাত্রী। বুধবার সকালে ঘটনাটি ঘটেছে। স্থানীয় বাসিন্দারা জানান, এদিন পঞ্চান সেতু সংলগ্ন কাঁলীবাড়ি এলাকায় মাথাভাঙ্গা থেকে কোচবিহারগামী একটি পণ্যবাহী ট্রাকের সঙ্গে শিলিগুড়িগামী একটি যাত্রীবাহী বাসের মুখোমুখি সংঘর্ষ হয়। এদিন সকালে ঘন কুয়াশার কারণে ওই এলাকায় দৃশ্যমানতা কমে যাওয়ায় নিয়ন্ত্রণ হারিয়ে দুটি গাড়ির সংঘর্ষ হয়েছে বলে জানা গিয়েছে। সংঘর্ষের শব্দে এবং যাত্রীদের চিৎকারে ঘটনাস্থলে ছুটে যান এলাকাবাসীরা। তাঁরাই দুর্ঘটনায় জখম যাত্রীদের উদ্ধার করে চিকিৎসার জন্য মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করে। দুর্ঘটনার জেরে দীর্ঘক্ষণ ওই রাস্তায় যান চলাচল বন্ধ হয়ে যায়। রাস্তার দু’পাশে যানজটের সৃষ্টি হয়। দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় মাথাভাঙ্গা থানার পুলিশ ও দমকলের একটি ইঞ্জিন। দুর্ঘটনাপ্রস্থ দুটি গাড়িকেই ঘটনাস্থল থেকে পুলিশ মাথাভাঙ্গা থানায় যায়। এরপর ওই রাস্তায় যান চলাচল স্বাভাবিক হয়।

পোস্ট অফিসে চুরি, চাঞ্চল্য

দুরন্ত বার্তা, ইসলামপুর, ২৫ জানুয়ারি : মঙ্গলবার গভীর রাতে ইসলামপুর পোস্ট অফিসের লকারের তালা ভেঙে চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়াল এলাকায়। বুধবার সকালে পোস্ট অফিসের এক কর্মী কাজে এলে চুরির ঘটনাটি সামনে আসে। পোস্ট অফিসের এক কর্মী জানিয়েছেন, মঙ্গলবার গভীর রাতে পোস্ট অফিসের জালার গ্রিল কেটে চুরি হয়েছে। অফিসে একজন সিকিউরিটি গার্ড ছিলেন। তার ঘরের দরজা বাইরে থেকে বন্ধ করে দেয় দুষ্কৃতীরা। অফিসের ভিতরে ঢুকে তালা ভেঙে লকারে থাকা টাকা নিয়ে চম্পট দিয়েছে দুষ্কৃতীরা। তবে কত টাকা চুরি গিয়েছে, তা এখনও জানা যায়নি। খবর পেয়ে ঘটনাস্থলে আসে ইসলামপুর থানার আইসি সহ অন্য পুলিশ আধিকারিকরা। তদন্ত শুরু করছে পুলিশ।

OFFICE OF THE PRADHAN			
LAGDA GRAM PANCHAYAT			
VILL.-BELKURI P.O.-BELKURI ASHRAM,Dist.-PURULIA, Pin-723149			
NOTICE INVITING e-TENDER No. WBPURLGP/NIET-122.23, Date: 13/01/2023			
E-Tender is invited from the experienced and resourceful bidders for execution of the total 15(Fifteen) nos. similar nature of work(s). For details the contractors may visit to the office of the Lagda Gram Panchayat and also visit website www.wbtenders.gov.in. Documents download/sale start date (Online) from 18.01.2023 at 11.00 am to 2.00 pm. Bid submission start date (On line) 18.01.2023 at 11.00 am up to 31.01.2023 at 5.00 pm. Date of Opening of Tender 02.02.2023 at 11.00 am(online).			
			Sd/- Pradhan
			Lagda Gram Panchayat
উত্তর মধ্য রেলওয়ে			
ই-প্রোকিউরমেন্ট টেন্ডার নোটিশ নং ১০/১২০২২-২৩, তারিখঃ ২৫.০১.২০২৩			
ভারতের রাষ্ট্রপতি হতে, সিনিয়র মেটেরিয়াল ম্যানেজার, উত্তর মধ্য রেলওয়ে, খাসি, দিল্লিঅফিস কাজের জন্য ই-প্রোকিউরমেন্ট টেন্ডারের আহ্বান জানানো			
ক্রম নং	টেন্ডার নং	সংশ্লিষ্ট বিবরণ	পরিমান
১	১২২৪০০৮২	জিপিএস যুক্ত ট্রাকিং যন্ত্রের সরবরাহ	৪০০ টি
২ বছরের এএসসি-র সাথে			২৫.০২.২০২৩
নোটঃ উপরের ই-প্রোকিউরমেন্ট টেন্ডারের সম্পূর্ণ বিবরণ দেখুন আইআরপিএস ওয়েবসাইটে https://www.ireps.gov.in দেখুন।			
137/23(P)			
OFFICE OF THE PRADHAN			
Hutmura Gram Panchayat			
VILL.-P.O.: Hutmura, Dist.: PURULIA(W.B.)			
UNDER PURULIA-III DEVELOPMENT BLOCK			
e-TENDER NOTICE			
NIT Memo No.: 229/HGPNIT-৫(5) Encrypted electronic bids are hereby invited by the Pradhan, Hutmura Gram Panchayat through a single stage two part e-procurement system (Part I: Techno-commercial Bid, Part II: Financial Bid) using website https://wbtenders.gov.in/ 1. Date and time of Download/Sale from 27/01/2023 10am to 04/02/2023 4 pm. 2. Date and Time of Bid Submission: from 27/01/2023 10 am to 04/02/2023 3:00pm. 3. Date and time of Bid Opening: 06/02/2023 at 12 Noon. The list of schemes & other details will be available in the office notice board of the undersigned as well as abovementioned website.			
			Sd/- Pradhan
			Hutmura Gram Panchayat

না। ধর্মকাটার কাটা মালিক প্রতিক আগারওয়ালা বলেন, জলের জার এবং লোহার বল বেড়িয়েছে। চালক, খালাসি, গাড়ির মালিক প্রত্যেকের যোগসাজেশ রয়েছে। এই ভাবে প্রতারণা করলে ব্যবসায়ীদের অনেক ক্ষতি হয়ে যাবে। পুলিশের হাতে তুলে দেওয়া উচিত এদের। পাট ব্যবসায়ী তনুজ জৈন বলেন, এরকম হামতে অনেকদিন ধরেই চলছে। আমাদের অনেক পাট যায় তাই বুঝতে পারিনি। অনেকেরই হয়তো ক্ষতি হয়েছে। আগামীদিনে কোন ব্যবসায়ীর যেন ক্ষতি না হয় এই ভাবে। তাই জন প্রাশনিক পদক্ষেপের দাবি জানাচ্ছি। হরিশ্চন্দপুর এলাকা পাট চাষের জন্য বিখ্যাত। কিন্তু বর্তমান বাজারের চাহিদা অনুযায়ী পাট ব্যবসায়ীরা লাভের মুখ তেমন ভাবে দেখতে পাচ্ছে না। ফলে সমস্যায় পড়তে হচ্ছে পাট চাষীদেরও। সাথে এই ভাবে যদি চলে সেক্ষেত্রে ব্যবসায়ীরা কোথায় যাবে। বুঝতে না পারলেই তাদের অনেকটা লোকসান হয়ে যাবে। তাই প্রশাসনিক ভাবে পদক্ষেপের দাবি তুলছে ব্যবসায়ীরা।

কাঁথি ধর্ষণ মামলায় অভিযুক্তকে গ্রেফতারের আইনি নির্দেশকে ডিভিশন বেঞ্চে চ্যালেঞ্জ

দুরন্ত বার্তা, কাঁথি, ২৫ জানুয়ারি : কাঁথি ধর্ষণ মামলায় অভিযুক্ত তৃণমূল নেতাকে গ্রেফতার করতে মঙ্গলবার বলেছিলেন কলকাতা হাই কোর্টের বিচারপতি রাজশেখর মাছা। সেই সিদ্ধান্তকে পাষ্টা চ্যালেঞ্জ করে হাই কোর্টের দ্বারস্থ হলেন কাঁথির অভিযুক্ত তৃণমূল ছাত্রনেতা শুভদীপ গিরি। বুধবার তাঁকে মামলা করার অনুমতিও দেয় হাই কোর্টের প্রধান বিচারপতির নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চ। মঙ্গলবারই নিজের এজলাসে এই মামলার তদন্তকারী পুলিশকে ধমক দিয়েছিলেন বিচারপতি রাজশেখর মাছা। জানতে চয়েছিলেন, “আদালতের নির্দেশ সত্ত্বেও ধর্ষণে অভিযুক্ত তৃণমূল নেতাকে গ্রেফতার করেননি কেন”? তিনি কোথায় জানেন না?”

e-Tender Notice
e-tenders are invited by Prodhhan, Debsala Gram Panchayat under Ausgram-2 Dev. Block, Dist. – Purba Bardhaman, from resourceful/ bonafide contractors with experience and requisite credential vide Tender ID – 2023_ZPHD_455334_1, 2023_ZPHD_455833_1 to 2023_Z P H D _45 5 8 3 3 _3_, 2023_ZPHD_456233_1 to 2023_ZPHD_456233_3. Date of closing of downloading the documents and submission of technical bid and financial bid on 03/02/2023 upto 17.00 IST. For details visit the website: http:// wbtenders.gov.in

CORRIGENDUM
In the Advertisement of Chandi Gram Panchayat published on 25.01.2023, the date of Tender should be read as 23/01/23 instead of 23/01/22. Other details will remain unchanged.

INVITING TENDER NOTICE
Undersigned is inviting Tender notice towards NIT No. 19/Dev/ BDO/Pur/2022-23 Date: 20.01.2023. Last date of submission of tender is up to 05:00 pm., 07.02.2023 at 11:00 a.m. For details pl. contact to the office of the undersigned or visit the website http:// wbtenders.gov.in.
Sd/- Executive Officer
Pursurah Panchayat Samity
Pursurah, Hooghly

Regd Office : 1, G
Email :
EXTRACT OF UNAUDITED S
f

Sl No	Particulars
1	Income from Operations
2	Expenses
3	Profit/(Loss)/from operations before ordinary income, Finance costs and Exceptional Items (1-2)
4	Profit/ Loss from ordinary activities before finance costs and exceptional items(3+4)
5	Profit/ Loss from ordinary activities after finance costs but before exceptional items(5-6)
6	Profit/ Loss from ordinary activities before tax (7-8)
7	Net profit/ Loss from Ordinary activities after Tax (9-10)
8	Net profit/ Loss for the period (11-12)
9	Earning per share (before extraordinary items)
10	Earning per share (after extraordinary items)
Notes:	
1.	The Standalone un-audited financial statements have been reviewed and recommended by respective meetings held on 25th Jan 2023 and the results are being disclosed in accordance with the Disclosure Requirements Regulated by the SEBI.
2.	The Company has not been carrying any business during the period.
3.	Prior period figures have been re-audited.
Place : Kolkata Dated : 25.01.2023	

বেড়ানো

ছুটিতে বেড়িয়ে আসুন কলকাতার কাছেই সবুজ দ্বীপ থেকে

জানুয়ারির শীতমাখা ছুটিতে ঘুরে আসতে পারেন সবুজ দ্বীপে। জনপ্রিয় ছবি কাকাবাবুর সুবাদে সবুজ দ্বীপ বেশ নাম হয়েছে বলা যেতেই পারে। কিন্তু সবুজ দ্বীপ কলকাতার কাছেই রয়েছে জেনে অনেকেই অবাক হচ্ছেন। কারণ ছবির সুবাদে আশ্চামানের কাছেই সবুজ দ্বীপ রয়েছে বলে অনেকেই মনে করে থাকেন। কিন্তু সত্যি কথা বলতে কি সেটা সিনেমা। আন্দামানে সেই সবুজ দ্বীপ বলে কিছু নেই। বাস্তবে সবুজ দ্বীপ রয়েছে কলকাতার খুব কাছেই। যাবেন কি। তবে গুছিয়ে ফেলুন ব্যাগপপ্তর। আসুন সবুজ দ্বীপ রয়েছে কলকাতা থেকে মাত্র ঘণ্টা দেড়েকের দূরত্বে হুগলি নদীর মাঝে। নৌকা করে যেতে হয় সেই সবুজ দ্বীপে। অনেকেই হয়তো জানেন না সেই ঠিকানা। এখনও সড়ক পথে যোগাযোগ পথ তৈরি হয়নি সেই সবুজ দ্বীপে। তাই নৌকা করেই সেই অ্যাডভেঞ্চারে সামিল হতে হয়। এই সবুজ দ্বীপে কোনও জারোয়ার দেখা পাওয়া যাবে না। হুগলি নদীর



ভাত। কবজি ডুবিয়ে খাওয়া যায় এখানে। সকালের ব্রেকফাস্ট থেকে দুপুরের চা সবই পাওয়া যায়। কাছাকাছির মন্ডায়ের জনপ্রিয় পিকনিক স্পট এটা। তবে এখানে জনবসতি নেই। পিকনিক স্পট হিসেবে গুটি কয়েক অস্থায়ী দোকান

রয়েছে মাত্র। গাছে ভরা দ্বীপটি রয়েছে একটি গুহাচ টাওয়ার। যেখান থেকে পুরো দ্বীপটিকে দেখা যায়। মন্দির মন্দির। টেরাকোটার কারুকাজ করা মন্দিরটি ৩৫০ বছরের বেশি পুরনো। অনেকেই এই মন্দিরে আসেন দর্শন করতে। কাজেই সবুজ দ্বীপে যাওয়ার আগে একবার এই মন্দিরটি দর্শণ করে গেলে মন ভালো লাগবে। বলে দিই কি তবে সেখানে যাবেন। কলকাতা থেকে মাত্র ঘণ্টা দেড়েকের পথ। ব্যান্ডেল লোকালে চড়ে নামতে হবে সোমড়া স্টেশনে। তার আগের স্টেশন বলাগড়া। সোমড়া স্টেশনে নেমে ট্রাটো করেই পৌঁছে যাওয়া যায় আনন্দময়ী মাতার মন্দির। সেটা দেখে সোজা ফেরি ঘাটো সেখান থেকে নৌকা করে সবুজ দ্বীপ। সেখানে দিনভর কাটিয়ে ফিরে আসুন বাড়িতে। অনেকেই জানেন না এই সবুজ দ্বীপের কথা। একবার ঘুরে এলে খুব ভালো লাগবে। হুগলি ও বর্ধমানের লোকজন তো এখানে পিকনিক করতে যান। তাই সময় নষ্ট না করে চলে আসুন।

কলকাতার কাছেই দ্বিতীয় দক্ষিণেশ্বর মন্দির, একদিনেই ঘুরে আসা যায়

দক্ষিণেশ্বর মন্দির তো সকলেই দেখেছেন। কিন্তু কেউ কি জানেন আরেকটি দক্ষিণেশ্বর মন্দির কোথায় রয়েছে। সেটাও আবার গঙ্গার পূর্ব পাড়ে অর্থাৎ ব্যারাকপুরে তৈরি হয়েছে সেই মন্দির। এই মন্দির অবিকল দক্ষিণেশ্বর মন্দিরের মতই। কেবল এখানে মা ভবতারিণীর জায়গায় বিরাজ করেন মা অন্নপূর্ণা। অন্নপূর্ণা মন্দিরটিও তৈরি করেছিলেন রানি রাসমনির বংশধররাই। এক বেলার ছুটিতেই সেখান থেকে বেরিয়ে আসা যায়।

দক্ষিণেশ্বর মন্দিরের আদলেই তৈরি মা অন্নপূর্ণার মন্দির। দেখে অবাক হবেন। শুধু তার স্থানটি উল্টেদিককে। যেদিক মা ভবতারিণীর মন্দির রয়েছে সেরকমই গঙ্গার পাড়েই ব্যারাকপুরে তৈরি হয়েছে মা অন্নপূর্ণার মন্দির। অবিকল দক্ষিণেশ্বরের মন্দিরের আদলে সেটি তৈরি। অনেকেই জানেন না এই মন্দিরের কথা। স্বয়ং রামকৃষ্ণ এখানে এসেছিলেন চারবার। এখানেও রয়েছে রাসমনি ঘাটা। যেখানে রামকৃষ্ণ নিজে স্নান করে গিয়েছেন। এমনকী মন্দিরটি উদ্বোধনেরও

সময়ও রামকৃষ্ণ নিজে ছিলেন সেখানে।

মা ভবতারিণীর মন্দির তৈরির নেপথ্যে যেনন একটি গল্প রয়েছে।



সেরকমই এই মা অন্নপূর্ণার মন্দির তৈরির নেপথ্যেও একটি গল্প রয়েছে। কাশী যাওয়ার পথে স্বপ্নাদেশ পেয়ে ফিরে এসে রানি রাসমনি গঙ্গার পাড়ে তৈরি করেছিলেন দক্ষিণেশ্বর মন্দিরটি। সেরকমই কাশি যেতে না পেরে তাঁর জামাতা মথুরা মোহন অন্নপূর্ণা মন্দির তৈরি করতে চেয়েছিলেন। কিন্তু জীবিত অবস্থায় তিনি সেটা তৈরি করতে পারেননি।

তার ইচ্ছে পূরণ করেছিলেন তাঁর স্ত্রী জগদম্মা। রানি রাসমনির দ্বিতীয় কন্যা। স্বয়ং রামকৃষ্ণ নিজে উপস্থিত ছিলেন সেই মন্দিরের উদ্বোধনে।

রয়েছে ৬টি আট ঢালায় শিব মন্দির। তার প্রতিটিতে তিন ফুটের শিবলিঙ্গ রয়েছে। দক্ষিণেশ্বর মন্দিরে রয়েছে ১২টি দক্ষিণেশ্বর মন্দিরের মতই ট্রু পাচ্চিল দিয়ে বেরা মন্দিরটি। রয়েছে একটি লোহার দরজা। আর সিং দরজার উপরে রয়েছে একটি সিংহের মূর্তি। দেশে আসুন দক্ষিণেশ্বরের সঙ্গে কর্তটা মিল রয়েছে এই মন্দিরে। এই অন্নপূর্ণা মন্দিরে যেতে হতে ব্যারাকপুর আর টিটাগড়ের মাঝখানে তালতলা বাসস্টপেজে নেমে যেতে হবে। সেখান থেকে রিকশা বা ট্রাটো কিম্বা হেটে পৌঁছে যাওয়া যায় এই অন্ন পূর্ণা মন্দিরে। প্রতিমাসে শুক্লপক্ষের অষ্টমী তিথিতে এখানে বিশেষ পূজো হয়। কলীপূজার পরের দিন বড় করে হয় অন্নকূট উৎসব। অষ্টধাতুর তৈরি এখানকার অন্নপূর্ণার মন্দির। পরানো থাকে বেনারসি শাড়ি। গায়ে থাকে সোনার গয়না। রূপোর সিংহাসনে বসানো থাকে অষ্টধাতুর মা অন্নপূর্ণা মন্দির। প্রতিদিন অন্নভোগে থাকে মাছ। আর অন্নপূর্ণা পূজার দিন বড় করে অন্নকূট উৎসব হয়ে থাকে। তাহলে অপেক্ষা কেন, চলে আসুন। মন ভরে যাবে।

প্রজাতন্ত্র দিবসে সম্ভাব্য নাশকতা রোধে জোরদার নিরাপত্তা ব্যবস্থা অসমে



মুম্বই, ২৫ জানুয়ারি : মুম্বইয়ের বান্দ্ৰা এলাকায় আগুনে পুড়ে গেল একটি বেস্ট (বৃহন্মুম্বই ইলেকট্রিসিটি সাপ্লাই অ্যান্ড ট্রান্সপোর্ট আন্ডারটেকিং) বাস। আগুনের লেহিহান শিখায় বাসটি একবারে পুড়ে গিয়েছে। সৌভাগ্যবশত এই ঘটনায় কোনও যাত্রী হতাহত হননি। সবাই সুরক্ষিত রয়েছেন। পুলিশ জানিয়েছে, ওই বাসটিতে ২০-২৫ জন যাত্রী ছিলেন। বুধবার দুপুরে মুম্বইয়ের এমভি রোডের ওপর বান্দ্ৰা সিগন্যাল মোড়ের কাছে বাসটিতে আগুন ধরে যায়। চালক বাসটি থামানো মাত্রই সমস্ত যাত্রীরা নেমে পড়েন। মুহূর্তের মধ্যেই বাসটি দাঁড়ানুি করে জ্বলতে থাকে। পর দমকল বাহিনী এসে আগুন নিভিয়েছে।

পুঞ্চেও অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার

জিম্মা, ২৫ জানুয়ারি : বুধবার জন্ম বিভাগের পুঞ্চ জেলায় তল্লাশি অভিযানের সময় নিরাপত্তা বাহিনী অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করেছে। এর মধ্যে ২টি একে ৪৭ রাইফেল, ৩টি একে-৪৭ ম্যাগাজিন এবং ৩৫ রাউন্ড একে ৪৭ উদ্ধার করা হয়েছে। বুধবার পুলিশ, সেনাবাহিনীর ৬৯ আরআর এবং ৭২ জিআর এবং সিআরপিএফের ৭২ ব্যাটালিয়ন কলাই টপ, শিন্দ্রা, রাত্তা জকার এবং আশেপাশের এলাকায় ব্যাপক অনুসন্ধান অভিযান শুরু করে।

গুয়াহাটি, ২৫ জানুয়ারি : অসম পুলিশের ডিআইজি কঙ্কনজ্যোতি শইকিয়া সহ ১৫ জন পদস্থ আধিকারিক এবং অন্য স্তরের ক্মী এবারকার ৭৪তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতির উৎকৃষ্ট সেবা পুরস্কার লাভ করবেন। পুলিশের কর্তৃত্বো বিশেষ অবদানের জন্যই তাঁদের রাষ্ট্রপতির পুলিশপদক প্রদান করা হবে। রাজ্যের সদর পুলিশ দফতর সূত্রে জানা গেছে, শিলচরে কর্তব্যরত সুউদ্যান রেঞ্জের ডিআইজি কঙ্কনজ্যোতি শইকিয়াকে প্রদান করা হবে রাষ্ট্রপতির উৎকৃষ্ট সেবা পুরস্কার। এছাড়া ১৪ জন করে

পুলিশ অফিসার এবং কনস্টেবলকে উৎকৃষ্ট নিদর্শনের জন্য পুলিশ মেডেল দিয়ে পুরস্কৃত করবেন রাষ্ট্রপতি। পদক প্রাকদনের তালিকায় অন্য যারা রয়েছেন তারা যথাক্রমে গুয়াহাটির পুলিশ কমিশনার দিগন্ত বরা, গুয়াহাটির পুলিশ সুপার মজিবুর রহমান, মুখ্যমন্ত্রীর স্পেশাল ভিজিট্যান্স সেলের পুলিশ সুপার ড. রোজি কলিতা, ইনস্পেক্টর (ইউবি) অনুকূল মাল্যকার, কারবি আংলাঙে কর্তব্যরত সিটি (এবি) শিকারি ইফতি, তিনিসুকিয়ায় কর্তব্যরত সিটি (ইউবি) দিলীপ কলিতা, কাছাড়ের কাঁচালে কর্তব্যরত ৬ নম্বর আসাম পুলিশ

ব্যাটালিয়নের ল্যাপ নাইক মুজিবুর রহমান চৌধুরী, কাছাড়ের কাঁচালে কর্তব্যরত ৬ নম্বর আসাম পুলিশ ব্যাটালিয়নের নাইক মালিক কংসবণিক, লখিমপুরে কর্তব্যরত সিটি (ইউবি) সুমেশ্বর মূঁদৈ, তিনিসুকিয়ায় কর্তব্যরত সিটি (ইউবি) সুনীল ফুকন, তিনিসুকিয়ায় কর্তব্যরত সিটি (ইউবি) জুনমণি তামুলি, কারবি আংলাঙে কর্তব্যরত ল্যাপ নাইক আনন্দ রংথাই, তিনিসুকিয়ায় কর্তব্যরত সিটি (ইউবি) দিলীপ কলিতা, কাছাড়ের কাঁচালে কর্তব্যরত ৬ নম্বর আসাম পুলিশ

ডিব্রুগড় ও সেকেন্দ্রাবাদের মধ্যে চলবে স্পেশাল ট্রেন

মালিগাঁও, ২৫ জানুয়ারি : যাত্রীদের অতিরিক্ত ভিড হ্রাস করতে ডিব্রুগড় ও সেকেন্দ্রাবাদের মধ্যে উভয় দিক থেকে চারটি ট্রিপের জন্য একটি স্পেশাল ট্রেন চালাবেন সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সেই অনুযায়ী, ০৭০৪৬নং (সেকেন্দ্রাবাদ ডিব্রুগড়) স্পেশাল ট্রেনটি সেকেন্দ্রাবাদ থেকে ০২ থেকে ২৬ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখ পর্যন্ত প্রত্যেক বৃহস্পতিবার ১১.০০ ঘটায় রওনা দিয়ে শনিবার ২০.৫০ ঘটায় ডিব্রুগড় পৌঁছবে। ফেরত যাত্রার সময় ০৭০৪৭নং (ডিব্রুগড় সেকেন্দ্রাবাদ

স্পেশাল ট্রেনটি ডিব্রুগড় থেকে ০৫ থেকে ২৬ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখ পর্যন্ত প্রত্যেক রবিবার ১৯.২৫ ঘটায় রওনা দিয়ে বুধবার ০৪.০০ ঘটায় সেকেন্দ্রাবাদ পৌঁছবে। উভে দিকের যাত্রার সময় এই স্পেশাল ট্রেনটি সিমলুগুড়ি জং., লামডিং জং., গোয়ালপাড়া, নিউ জলপাইগুড়ি, মালদা টাউন, ভুবনেশ্বর, পালাসা, বিশাখাপট্টনম, বিজয়গুয়াড়া, গুণ্ডির ও নালগোড়া স্টেশনে স্টপেজ দিয়ে। দক্ষিণ ভারতগামী অন্যান্য ট্রেনের ওয়েগিট লিস্টের যাত্রীরা এই সোনালি সুযোগ গ্রহণ

করতে পারবেন। ২২টি কোচ নিয়ে গঠিত এই ট্রেনটিতে যাত্রীদের জন্য এসি ফার্স্ট ক্লাস, এসি ২টিয়ার, এসি ৩টিয়ার, শয়ন শ্রেণি ও সাধারণ দ্বিতীয় শ্রেণির কামরা থাকবে। এই ট্রেনের স্টপেজ ও সময়সূচির বিবদ বিবরণ আইআরটিসি ওয়েবসাইটে পাওয়া যাবে এবং বিভিন্ন খবরের কাগজ ও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সৌসীল মিডিয়া প্র্যাকটিকর্মেও অধিষ্টিত করা হয়েছে। যাত্রার করার পূর্বে বিবদ বিবরণগুলি দেখে নেওয়ার জন্য যাত্রীদের অনুরোধ জানানো হচ্ছে।

চিঞ্চওয়াড়, কসবা পেঠ আসনের ভোটগ্রহণের দিন পরিবর্তন

মুম্বই, ২৫ জানুয়ারি : মহারাষ্ট্রের চিঞ্চওয়াড় ও কসবা পেঠ বিধানসভা আসনের উপনির্বাচনের ভোটের তারিখ পরিবর্তন করেছে নির্বাচন কমিশন। ২৭ ফেব্রুয়ারি ভোটগ্রহণ হওয়ার কথা ছিল। এখন তা হবে ২৬ ফেব্রুয়ারি, রবিবার। নির্বাচন কমিশনের মতে, পুনে জেলার রিটার্নিং অফিসার জানিয়েছিলেন যে ১২ তম এবং ১৩তম স্তরের পরীক্ষাগুলি প্রথম নির্ধারিত ভোটের দিন হওয়ার পরিপ্রেক্ষিতে কমিশন তারিখ পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছে। প্রসঙ্গত, গত ১৮ জানুয়ারি নির্বাচন কমিশন মহারাষ্ট্র সহ অন্যান্য পাঁচটি রাজ্যের ৬ টি বিধানসভা আসনের উপনির্বাচনের সময়সূচী ঘোষণা করেছিল। সবকটির ফল ঘোষণা হবে ২ মার্চ।

রামবান থেকে রওনা দিল ভারত জোড়া যাত্রা



কন্যাকুমারী থেকে শুরু হওয়া ভারত জোড়া যাত্রা বুধবার জন্মু ও কাশ্মীরের কাঠুয়া, সান্ধ্য হয়ে বানিহালের উদ্দেশ্যে রওনা হয়। রাহুল গান্ধী রামবানের মেত্রা থেকে ভারত জোড়া যাত্রা শুরু করেছিলেন। রাহুল গান্ধী এবং তার হাজার হাজার সমর্থক খারাপ আবহাওয়া থাকা সত্ত্বেও যাত্রায় এগিয়ে চলেন। এদিকে, খারাপ আবহাওয়া ও ভূমিকম্পের কারণে রামবান ও বানিহালে ভারত জোড়া যাত্রার বিকেলের পর্ব বাতিল করা হয়েছে...যাত্রা আবার শুরু হবে পরের দিন, ২৭ জানুয়ারি সকাল ৮টায়। বুধবার টুইট করে এমনটাই জানিয়েছেন কংগ্রেসের সাধারণ সম্পাদক ইনচার্জ জয়রাম রমেশ।

শ্রী শ্রী রবিশঙ্করের হেলিকপ্টারের জরুরি অবতরণ

চেন্নাই, ২৫ জানুয়ারি : আর্ট অফ লিভিংের প্রতিষ্ঠাতা শ্রী শ্রী রবি শঙ্কর এবং অন্য তিনজনকে নিয়ে একটি ব্যক্তিগত হেলিকপ্টার বুধবার খারাপ আবহাওয়ার কারণে তামিলনাড়ুর ইরোড জেলার সত্যমঙ্গলম টাইগার রিজার্ভের (এসটিআর) একটি আদিবাসী বসতিতে জরুরি অবতরণ করা হয়। হেলিকপ্টারে শ্রী শ্রী রবিশঙ্কর ও তাঁর দুই সহকারী এবং পাইলট ছিলেন। শ্রী শ্রী রবিশঙ্কর এবং অন্যরা কর্ণাটকের রাজধানী বেঙ্গলুরু থেকে তামিলনাড়ুর তিরুপুরে যাচ্ছিলেন। হেলিকপ্টার খারাপ আবহাওয়ার কারণে পাইলটকে উপজাতীয় বসতি উকিনিয়ামে জরুরি অবতরণ করতে বাধ্য হয়। জানা গিয়েছে, এক ঘটনা পরে আবহাওয়া পরিষ্কার হওয়ায় প্রঘাটজনীয় ছাড়পত্র পাওয়ার পরে হেলিকপ্টারটি আবার তিরুপুরের উদ্দেশ্যে যাত্রা করে।

বিজয় কুমার রাষ্ট্রপতির পুলিশ পদকে সম্মানিত

জন্মু, ২৫ জানুয়ারি : বৃহস্পতিবার ২৬ জানুয়ারির প্রজাতন্ত্র দিবসে বিশিষ্ট পরিষেবার জন্য রাষ্ট্রপতির পুলিশ পদক পাচ্ছেন কাশ্মীর পুলিশের অতিরিক্ত মহাপরিচালক বিজয় কুমার (অইপিএস)। বিশিষ্ট পরিষেবার জন্য রাষ্ট্রপতির পুলিশ পদক হল পুলিশ এবং সিএপিএফদের জন্য সর্বোচ্চ পরিষেবা পদক। রাজ্য কেন্দ্রীয় পুলিশের দীর্ঘ এবং বিশিষ্ট পরিষেবার জন্য পুরস্কার প্রদান করা হয়। বিজয় কুমার, ১৯৯৭ ব্যাচের অইপিএস অফিসার কান্মীরে বিভিন্ন পদে কাজ করেছেন। তিনি সিআরপিএফ-এ ডিআইজিপি নয়াদিল্লি রেঞ্জ, আইজিপি ছত্তিশগড় হিমাচে কেন্দ্রীয় ডেপুটিসেনে কাজ করেছেন। সম্প্রতি, ভারতের নির্বাচন কমিশন ২০১৮ সালে নয়াটি রাজ্য বিধানসভা নির্বাচন পরিচালনার জন্য বাহিনীর সমন্বয়কারী হিসাবে ভূমিকার জন্য মর্যাদাপূর্ণ জাতীয় পুরস্কারে সম্মানিত করেছেন। এছাড়াও বিজয় কুমার অনেক বীরত্ব পদক, মেধাবী সেবা পদক, জাতীয় পুরস্কারও পেয়েছেন।

পাঠান ছবির বিরুদ্ধে প্রতিবাদ মধ্যপ্রদেশে



ভোপাল, ২৫ জানুয়ারি : শাহরুখ খান এবং দীপিকা পাডুকোন অভিনীত পাঠান বুধবার প্রেক্ষাগৃহে মুক্তি পেলেও প্রথম দিনেই মধ্যপ্রদেশে ছবির বিরোধিতা করা হচ্ছে এবং বিভিন্ন জায়গায় বিক্ষোভ হচ্ছে। বারওয়ানিতে বিশু হিন্দু পরিষদের জেলা সংগঠন মন্ত্রী নরেন্দ্র সিং পারমারের নেতৃত্বে শহরের তিনটি প্রেক্ষাগৃহে ফ্লেক্স জালিয়ে পাঠান ছবির বিরুদ্ধে প্রতিবাদ করা হয়। ক্রিনিয়ের পরে ইন্দোরে ছবিটির শো বাতিল করা হয়েছে। বুধবার প্রেক্ষাগৃহে পাঠান ছবিটি মুক্তি পাওয়ার সাথে সাথে প্রতিবাদও শুরু হয়। সকাল থেকেই শহরের বিভিন্ন সিনেমা হলের বাইরে বিক্ষোভ করে স্লোগান দেয় বজরং দলা। ইন্দোরে, বজরং দলের কর্মীরা কস্তুর চকিজ, স্বপ্ন সঙ্গীতার আইনোঙ্গ, এয়ারপোর্ট রোডের এউ সিনেমা হল মাটিস্প্রেজ এবং শহরের অন্যান্য সিনেমা হলে ছবিটি প্রদর্শনের বিরুদ্ধে প্রতিবাদ করেছিল। স্বপ্না সঙ্গীতার বাইরে প্রচুর স্লোগান ওঠে। এর পর সেখানে অনুষ্ঠানটি বাতিল করা হয়। ফিরে গিয়েছেন ছবিটি দেখতে আসা দর্শকরা। এইই সময়ে, বারওয়ানিতেও বিশু হিন্দু পরিষদের জেলা সংগঠন মন্ত্রী পারমারের নেতৃত্বে শহরে বিক্ষোভের আয়োজন করা হয়। পরমার বলেন, এই ছবিটি না চালাওয়ার বিষয়ে প্রেক্ষাগৃহের অপারেটরদের সঙ্গে আলোচনা হয়েছে। এরপরও যদি ছবিটি চলে তাহলে কঠোর আন্দোলন করা হবে। চকিজ অপারেটর তাদের আশ্রুত করেছে, তারা চকিজ এই ছবিটি প্রদর্শন করবেন না। ভোপালে পাঠান ছবির বিরুদ্ধে প্রতিবাদ আরও জোরদার করেছে বজরং দল। বুধবার সকালে বজরং দলের কর্মীরা নিউমার্কেটের রং মহল চকিজে বিক্ষোভ করে এবং সিনেমা হলের টিকিট জানালা বন্ধ করে দেয়। হিন্দুবাদী সংগঠনগুলি ভোপালের সিনেমা হলে হনুমান চালিসা পাঠ করে প্রেক্ষাগৃহে শো বাতিল করা হয়েছে। গোয়ালিয়রেও এর বিরোধিতা করা হচ্ছে। হিন্দুবাদী সংগঠনগুলো সড়ক অবরোধ করে। সিনেমা প্রদর্শন চলতে দেওয়া হয়নি।

সাকেতের জামিনের আর্জি খারিজ গুজরাট হাইকোর্টে

আহমেদাবাদ, ২৫ জানুয়ারি : তৃণমূল কংগ্রেসের জাতীয় মুখপাত্র সাকেত গোখলের সমস্যা আরও বাড়ল। গুজরাট হাইকোর্ট সাকেতের জামিনের আবেদন খারিজ করে দিয়েছে। এর আগে সেশন কোর্টেও জামিনের আবেদন করেছিলেন মমতা বড়োদ্যাপাধ্যায়ের দলের এই নেতা। কিন্তু সেখানেও এই আবেদন খারিজ হয়ে যায়। এবার হাইকোর্টেও তাঁর আবেদন খারিজ করে দিল। আদালত জানিয়েছে, তাঁর বিরুদ্ধে চার্জশিট না জমা হওয়া পর্যন্ত তাঁকে জামিন দেওয়া যাবে না। গত দু’মাসে বেশ কয়েকবার প্রেফতার হয়েছেন সাকেত গোখলে। মিথ্যা তথ্য প্রচারসহ একাধিক অভিযোগে তাঁকে বারবার বিভিন্ন জায়গা থেকে প্রেফতার করে গুজরাট পুলিশ। শেষবার তাঁকে নয়াদিল্লির বঙ্গভবন থেকে প্রেফতার করা হয়। যা নিয়ে সমালোচনায় সরব হয়েছিলেন স্বয়ং মুখ্যমন্ত্রী মমতা বড়োদ্যাপাধ্যায়। বঙ্গভবন থেকে গুজরাট পুলিশ কেন সিসিটিভি ফুটেজ নিয়ে গিয়েছে সেই প্রশ্নও তুলেছিলেন মমতা।এদিকে সাকেতের বিরুদ্ধে ক্রাইড ফাউন্ডেশির মাধ্যমে সংগৃহীত অর্থের অপব্যবহার করার অভিযোগ উঠেছে। তাই মানি লন্ডারিং আইনের অধীনে সরমতি জেলে বন্দি ভূমূলক কংগ্রেসের এই মুখপাত্রকে ইডি হেফাজতে নিয়েছে। বুধবার সাকেতকে আদালতে হাজির করে ইডি রিমন্ডে নেবে বলেও জানা গিয়েছে। তাঁকে ইতিমধ্যে তিনদিন জেলে নিয়ে জেরা করেছে ইডি। আদালতের অনুমতি নিয়েই তারা জেরা করেছে সাকেতকে।এদিকে মেঘালয় সরকারও গোখলের বিরুদ্ধে মানহানির মামলা করেছে। মেঘালয় সরকার তাঁর বিরুদ্ধে দু'দীতীর অভিযোগ এনেছে। সাকেত গোখলের বিরুদ্ধে মেঘালয় ইকো ট্যুরিজম ইক্সপা ডেভেলপমেণ্ট প্রকল্পে বিনিয়োগ নিয়ে ভুল তথ্য দেওয়ার অভিযোগ উঠেছে।

লখনউতে বহুতল বিপর্যয়ে দুই মহিলাসহ ৪ জন এখনও আটকে



গোরক্ষপুর, ২৫ জানুয়ারি : দিব্যাস্দের ক্ষমতাধন এবং সমাজ ও উন্নয়নের মূল শ্রোতে তাঁদের আনতে দৃঢ় সংকল্প নিয়ে কাজ করছে উত্তর প্রদেশ সরকার। মন্তব্য করলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। বুধবার গোরক্ষপুরের গোরক্ষনাথ মন্দিরের মন্ত দ্বিধ্বিজনাথ স্মৃতি মিলান্যাতনে আয়োজিত ‘জনতা দর্শন’ অনুষ্ঠানের সময় মুখ্যমন্ত্রী বলেছেন, দিব্যাস্দের পরিষদের চেয়ে উৎসাহ এবং সহযোগিতা বেশি

প্রয়োজন। প্রশাসন ও বিভাগীয় কর্মকর্তাদের নিশ্চিত করা উচিত যে যথাযথ সম্পদ, সরঞ্জাম এবং সার্টিফিকেট অগ্রাধিকার ভিত্তিতে পাওয়া যায়। জনতা দর্শন অনুষ্ঠানে এদিন ৩০০ জনেরও বেশি মানুষ মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে এসেছিলেন। মুখ্যমন্ত্রী তাঁদের আশ্বাস দিয়েছেন, প্রতিটি সমস্যা দ্রুত এবং সন্তোষজনকভাবে সমাধান করা হবে। কিছু দিব্যাজ জনতা দর্শনে এসেছিলেন। মুখ্যমন্ত্রী যোগী এদিন আশ্বাস দিয়েছেন, টাকার অভাবে কারও চিকিৎসা বন্ধ হবে না।

বিবিসির তথ্যচিত্র নিয়ে উত্তপ্ত জামিয়া মিলিয়া, পুলিশ আটক করল বেশ কয়েকজনকে

নয়াদিল্লি, ২৫ জানুয়ারি : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে নিয়ে বিবিসির তথ্যচিত্র ‘ইন্ডিয়া দি মোদী ফ্যামেশন’ নিয়ে বিতর্ক লগছে। এ বার এই তথ্যচিত্রের প্রদর্শনী নিয়ে বামেলার সূত্রপাত হল দিল্লির জামিয়া মিলিয়া ইসলামিয়ায়। জামিয়া মিলিয়া ইসলামিয়া বিশ্ববিদ্যালয়ের বাইরে স্লোগান দেওয়ার সময় কয়েকজনকে বিক্ষোভকারীকে পুলিশ ইতিমধ্যেই আটক করেছে।বুধবার সন্ধ্যায় তথ্যচিত্রটি দেখানোর পরিকল্পনা করে এসএফআই। কিন্তু, বিশ্ববিদ্যালয়ের তরফে একটি বিবৃতি প্রকাশ করে জানানো হয়, বিশ্ববিদ্যালয়ের ভিতরে কোনও অবৈধ এবং অননুমোদিত জমায়েত করতে দেওয়া হবে না। বুধবার সকাল থেকেই বিশ্ববিদ্যালয়ে পৌঁছে যায় পুলিশের বিশাল একটি দল। তাদের সঙ্গে ছিল কাদানে গ্যাসের সেলও। তার পরই উত্তপ্ত হয়ে ওঠে পরিস্থিতি। আটক করা হয় বেশ কয়েকজনকে।

দুরন্তবার্তা

মেট্রো স্টাফ একজন অসুস্থ যাত্রীকে সাহায্য করলো

